2/3

# ভাব্ৰারকথা



স্বামী বিবেকানন্দ

73

সংশোধিত ও পরিবর্ধিত

### স্বামী বিবেকানন্দ





উদ্বোধন কার্যালয়, কলিকাতা

প্রকাশক স্বামী আত্মবোধানন্দ উলোধন কার্যালয় ১, উলোধন লেন, বাগবাজার, কলিকাস্তা-৩

> শ্রীদেবেক্সনাথ দীল শ্রীরামকৃষ্ণ প্রিণ্টিং ওয়ার্কন্ ২৭বি. গ্রে সট্রীট, কলিকান্ডা

মুদ্রাকর

6609

RETURN PROSPE

বৈল্ড শীরামকৃঞ্চ মঠের অধ্যক্ষ কর্তৃ ক সর্বস্বন্ধ সংরক্ষিত

দশম সংস্করণ শ্রাবণ, ১৩৬২

	3/000		
	,		
	সূচীপ <u>ত্</u> ৰ		
হিলুধর্ম ও জীরামক্বক	9.00	***	3
বাঙ্গালা ভাষা	•••	•••	36
বর্ত্তমান সমস্তা	**		38
জ্ঞানাৰ্জন	***	***	20
পারি-প্রদর্শনী	24	***	৩২
ভাব্বার কথা	***	***	8 २
রামক্বঞ্চ ও তাঁহার উক্তি	***	***	¢5
শিবের ভূত		***	69
ঈশা-অনুসরণ	***	***	90







95

73

## হিন্দুধর্ম ও শ্রীরামকৃষ্ণ >

শাস্ত্র শব্দে অনাদি অনন্ত 'বেদ' বুঝা যায়। ধর্ণ্মশাসনে এই বেদই একমাত্র সক্ষম।

পুরাণাদি অন্যান্য পুস্তক স্মৃতিশব্দবাচ্য এবং তাহাদের প্রামাণ্য—যে পর্যান্ত তাহারা শ্রুতিকে অনুসরণ করে, সেই পর্যান্ত।

'সত্য' হই প্রকার। এক—যাহা মানব-সাধারণ-পঞ্চেন্দ্রিয়-গ্রাহ্য ও তহুপস্থাপিত অনুমানের দ্বারা গ্রাহ্য। হুই—যাহা অতীন্দ্রিয় সূক্ষ্ম যোগজ শক্তির গ্রাহ্য।

প্রথম উপায় দ্বারা সঙ্কলিত জ্ঞানকে 'বিজ্ঞান' বলা যায়। দ্বিতীয় প্রকারের সঙ্কলিত জ্ঞানকে 'বেদ' বলা যায়।

'বেদ'-নামধেয় অনাদি অনুন্ত অলোকিক জ্ঞানরাশি সদা বিভামান, স্পৃতিকত্তা স্বয়ং যাহার সহায়তায় এই জগতের স্পৃতি-স্থিতি-প্রলয় করিতেছেন।

এই অতীন্দ্রিয় শক্তি যে পুরুষে আবিভূতি হন,

১ এই প্রবন্ধটি 'হিন্দুধর্ম কি ?' নামে ১৩০৪ সালে ভগবান শ্রীরাম্ক্ষণেবের পঞ্চষষ্টিতম জন্মোৎপবের সময় পুতিকাকারে প্রথম প্রকাশিত হয়।

তাঁহার নাম ঋষি ও সেই শক্তির দারা তিনি যে অলোকিক সত্য উপলব্ধি করেন, তাহার নাম 'বেদ'।

এই ঋষিত্ব ও বেদদ্রক্তি লাভ করাই যথার্থ ধর্মানু-ভূতি। যতদিন ইহার উন্মেষ না হয়, ততদিন 'ধর্ম্ম' কেবল 'কথার কথা' ও ধর্ম্মরাজ্যের প্রথম সোপানেও পদস্তিতি হয় নাই, জানিতে হইবে।

সমস্ত দেশ-কাল-পাত্র ব্যাপিয়া বেদের শাসন অর্থাৎ বেদের প্রভাব দেশবিশেষে, বা কালবিশেষে বা পাত্র-বিশেষে বন্ধ নহে।

সার্ববজনীন ধর্মের ব্যাখ্যাতা একমাত্র 'বেদ'।

অলোকিক জ্ঞানবেতৃত্ব কিঞ্জিৎ পরিমাণে অস্মদ্দেশীয় ইতিহাস পুরাণাদি পুস্তকে ও ফ্রেচ্ছাদিদেশীয় ধর্ম্মপুস্তক-সমূহে যদিও বর্ত্তমান, তথাপি অলোকিক জ্ঞানরাশির সর্বব-প্রথম সম্পূর্ণ এবং অবিকৃত সংগ্রহ বলিয়া আর্যাঙ্গাতির মধ্যে প্রসিদ্ধ বেদ'-নামধের চতুর্বিভক্ত অক্ষররাশি সর্বতোভাবে সর্বোচ্চ স্থানের অধিকারী, সমগ্র জগতের পূজার্হ এবং আর্য্য বা ফ্রেচ্ছ সমস্ত ধর্ম্মপুস্তকের প্রমাণভূমি।

আর্য্যজ্ঞাতির আবিষ্ণত উক্ত বেদনামক শব্দরাশির সম্বন্ধে ইহাও ব্ঝিতে হইবে যে, তন্মধ্যে যাহা লোকিক, অর্থবাদ বা ঐতিহ্য নহে, তাহাই 'বেদ'।

এই বেদরাশি জানকাণ্ড ও কর্মকাণ্ড হুই ভাগে

#### হিন্দুধর্ম ও শ্রীরামকৃষ্ণ

বিভক্ত। কর্মকাণ্ডের ক্রিয়া ও ফল মায়াধিকৃত জগতের
মধ্যে বলিয়া দেশ-কাল-পাত্রাদি-নিয়মাধীনে তাহার
পরিবর্ত্তন হইয়াছে, হইতেছে ও হইবে। সামাজিক
রীতিনীতিও এই কর্মকাণ্ডের উপর উপস্থাপিত বলিয়া
কালে কালে পরিবর্ত্তিত হইতেছে ও হইবে। লোকাচারসকলও সংশান্ত্র এবং সদাচারের অবিসংবাদী হইয়া গৃহীত
হইবে। সংশান্ত্রবিগর্হিত ও সদাচারবিরোধী একমাত্র
লোকাচারের বশবর্ত্তী হওয়াই আর্য্যজাতির অধঃপতনের
এক প্রধান কারণ।

জ্ঞানকাণ্ড অথবা বেদান্তভাগই—নিক্ষামকর্ম্ম, যোগ, ভক্তি ও জ্ঞানের সহায়তায় মুক্তিপ্রদ এবং মায়া-পার নেতৃত্বপদে প্রতিষ্ঠিত হইয়া দেশকালপাত্রাদির দ্বারা অপ্রতিহত বিধায়—সার্ববলৌকিক, সার্ববভৌম ও সার্ববকালিক ধর্ম্মের একমাত্র উপদেষ্টা।

মন্ত্রাদি তন্ত্র কর্ম্ম কাগুকে আশ্রায় করিয়া দেশ-কাল-পাত্র-ভেদে অধিকভাবে সামাজিক কল্যাণকর কর্ম্মের শিক্ষা দিয়াছেন। পুরাণাদি তন্ত্র বেদান্তনিহিত তত্ত্ব উদ্ধার করিয়া অবতারাদির মহান্-চরিত-বর্ণন-মুখে ঐ সকল তত্ত্বের বিস্তৃত ব্যাখ্যান করিতেছেন এবং অনস্তভাবময় প্রভু ভগবানের কোন কোন ভাবকে প্রধান করিয়া সেই সেই ভাবের উপদেশ করিয়াছেন।

কিন্তু কালবলে সদাচারভ্রফ বৈরাগ্যবিহীন একমাত্র লোকাচারনিষ্ঠ ও ক্ষীণবৃদ্ধি আর্য্যসন্তান এই সকল ভাববিশেষের বিশেষ-শিক্ষার জন্ম আপাত-প্রতিযোগীর ন্যায় অবস্থিত ও অল্পবৃদ্ধি মানবের জন্ম স্থূল ও বহুবিস্তৃত ভাষায় স্থূলভাবে বৈদান্তিক সৃক্ষাতত্ত্বের প্রচারকারী পুরাণাদি তন্তেরও মর্দ্মগ্রহে অসমর্থ হইয়া, অনন্তভাবসমন্তি অখণ্ড সনাতন ধর্মকে বহুখণ্ডে বিভক্ত করিয়া, সাম্প্রদায়িক কর্ষা ও ক্রোধ প্রছলিত করিয়া তন্মধ্যে পরস্পারকে আহুতি দিবার জন্ম সতত চেন্তিত থাকিয়া, যথন এই ধর্মভূমি ভারতবর্ষকে প্রায় নরকভূমিতে পরিণত করিয়াছেন—

তথন আর্য্যজাতির প্রকৃত ধর্ম্ম কি এবং সততবিবদমান, আপাত-প্রতীয়মান-বহুধা-বিভক্ত, সর্বর্থা
প্রতিযোগী আচারসঙ্কুল সম্প্রদায়ে সমাচ্ছন্ন, স্বদেশীর
ভ্রান্তিস্থান ও বিদেশীর ঘুণাস্পদ হিন্দুধর্ম-নামক যুগযুগান্তরব্যাপী বিশ্বভিত ও দেশকাল-যোগে ইতস্ততঃ
বিক্ষিপ্ত ধর্ম্মপণ্ডসমন্তির মধ্যে ধর্ধার্থ একতা কোথায়—
এবং কালবশে নফ্ট এই সনাতন ধর্ম্মের সার্ববলোকিক,
সার্ববিদালিক ও সার্ববিদেশিক স্বরূপ স্বীয় জ্বীবনে নিহিত
করিয়া, লোকসমক্ষে সনাতন ধর্ম্মের জীবন্ত উদাহরণস্বরূপ
আপনাকে প্রদর্শন করিতে লোকহিতের জন্ম শ্রীভগবান
রামকৃষ্ণ অবতীর্ণ হইয়াছেন।

#### হিন্দুধর্মা ও শ্রীরামকৃষ্ণ

খনাদি-বর্ত্তমান সৃষ্টি স্থিতি ও লয়-কর্ত্তার সহযোগী শান্ত্র কি প্রকার সংক্ষিপ্ত-সংস্কার ঝবিহুদয়ে আবিভূত হন, তাহা দেখাইবার জন্ম ও এবম্প্রকারে শান্ত্র প্রমানীকৃত হইলে ধর্ম্মের পুনরুদ্ধার, পুনঃস্থাপন ও পুনঃপ্রচার হইবে, এই জন্ম বেদমূর্ত্তি ভগবান এই কলেবরে বহিঃশিক্ষা প্রায় সম্পূর্ণরূপে উপেক্ষা করিয়াছেন।

বেদ অর্থাৎ প্রকৃত ধর্ম্মের এবং ব্রাহ্মণত্ব অর্থাৎ ধর্ম্মশিক্ষকত্বের রক্ষার জন্ম ভগবান বারংবার শরীরধারণ করেন, ইহা স্মৃত্যাদিতে প্রসিদ্ধ আছে।

প্রপতিত নদীর জলরাশি সমধিক বেগবান হয়;
পুনরুথিত তরক্ষ সমধিক বিস্ফারিত হয়। প্রত্যেক
পতনের পর আর্য্যসমাজও শ্রীভগবানের কারুণিক
নিয়ন্ত্র্যে বিগতাময় হইয়া পূর্বাপেক্ষা অধিকতর যশসী ও
বীর্যবান হইতেছে —ইহা ইতিহাসপ্রসিদ্ধ।

প্রত্যেক পতনের পর পুমরুণিত সমাজ অন্তর্নিহিত সনাতন পূর্ণক্ষকে সমধিক প্রকাশিত করিতেছেন এবং সর্ববভূতান্তর্য্যামী প্রভূত প্রত্যেক অবতারে আত্মসরূপ সমধিক অভিব্যক্ত করিতেছেন।

বারংবার এই ভারতভূমি মূর্চ্ছাপনা হইয়াছিলেন এবং বারংবার ভারতের ভগবান আত্মাভিব্যক্তির দারা ইহাকে পুনরুজ্জীবিত করিয়াছেন।

কিন্তু ইবন্যাত্রথামা গতপ্রায়া বর্তুমান গভীর বিযাদ-রজনীর স্থায় কোনও অমানিশা এই পুণ্যভূমিকে সমাচ্ছন্ন করে নাই। এ পতনের গভীরতায় প্রাচীন পতন সমস্ত গোপ্যাদের ভূল্য।

এবং দেই জন্ম এই প্রবোধনের সম্জ্বলভায় জন্ম সমস্ত পুনর্বোধন সূর্য্যালোকে তারকাবলীর ন্যায়। এই পুনরুত্থানের মহাবীয্যের সমক্ষে পুনঃপুনর্লর প্রাচীন বীর্য্য বাললীলাপ্রায় হইয়া যাইবে।

পতনাক্সায় সনাতন ধর্ম্মের সমগ্রভাব-সমপ্তি অধিকারি-হীনতায় ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র সম্প্রাদায়-আকারে পরিরক্ষিত হইতেছিল এবং অনেক অংশ লুপ্ত হইয়াছিল।

এই নবোথানে নব বলে বলীয়ান মানবসস্তান বিখণ্ডিত ও বিক্লিপ্ত অধ্যাত্মবিভা সমষ্টিকৃত করিয়া ধারণা ও অভ্যাস করিতে সমর্থ হইবে এবং লুপ্ত বিভারও পুনরাবিন্ধার করিতে সমর্থ হইবে; ইহার প্রথম নিদর্শন-সরূপ শ্রীভগবান পরম কারুণিক, সর্বব্যুগাপেক্ষা সমধিক সম্পূর্ণ, সর্ববভাব-সমন্বিত, সর্ববিভা-সহায় যুগাবভাররূপ প্রকাশ করিলেন।

অতএব এই মহাবুগের প্রত্যুষে সর্বতাবের সমন্বর প্রচারিত হইতেছে এবং এই অসীম অমস্ত ভাব, যাহা

#### হিন্দুধর্মা ও শ্রীরামকৃষ্ণ

সনাতন শাস্ত্র ও ধর্ম্মে নিহিত থাকিয়াও এতদিন প্রচ্ছন্ন ছিল, তাহা পুনরাবিদ্ধৃত হইয়া উচ্চনিনাদে জনসমাজে গোষিত হইতেছে।

এই নব যুগধর্ম সমগ্র জগতের, বিশেষতঃ ভারতবর্ষের কল্যাণের নিদান এবং এই যুগধর্ম-প্রবর্তক শ্রীভগবান পূর্ববগ শ্রীযুগধর্মপ্রবর্তক দিগের পুনঃসংস্কৃত প্রকাশ। হে মানব, ইহা বিশাস কর ও ধারণ কর।

মৃত ব্যক্তি পুনরাগত হয় না। গতরাত্রি পুনর্বার আদে না। বিগতোচ্ছাদ দে রূপ আর প্রদর্শন করে না। জীব হুইবার এক দেহ ধারণ করে না। হে নানব, মৃতের পূজা হইতে আমরা তোমাদিগকে জীবস্তের পূজাতে আহ্বান করিতেছি। গতামুশোচনা হইতে বর্ত্তমান প্রয়ের আহ্বান করিতেছি। লুপ্তপন্থার পুনরুদ্ধারে রুপা শক্তিক্ষয় হইতে সল্তোনির্দ্মিত বিশাল ও সন্ধিকট পথে আহ্বান করিতেছি; বুদ্ধিমান বুঝিয়া লাও।

ষে শক্তির উদ্মেষমাত্রে দিগ্দিগন্তব্যাপী প্রতিধ্বনি জাগরিত হইয়াছে, তাহার পূর্ণাবস্থা কল্পনায় অনুভব কর এবং র্থা সম্ভেহ, তুর্ববলতা ও দাসজাতিস্থলভ কর্মাদেয ত্যাগ করিয়া এই মহাযুগচক্র-পরিবর্ত্তনের সহায়তা কর।

আমরা প্রভুর দাস, প্রভুর পুত্র, প্রভুর লীলার সহায়ক—এই বিশাস দৃঢ় করিয়া কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হও।

.

### বাঙ্গালা ভাষা '

আমাদের দেশে প্রাচীন কাল থেকে সংস্কৃতয় সমস্ত একটা অপার সমুদ্র দাঁড়িয়ে গেছে। বুদ্ধ থেকে চৈত্য রামকৃষ্ণ পর্য্যন্ত যাঁরা 'লোকহিতায়' এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়েছেন। পাণ্ডিত্য অবশ্য উৎকৃষ্ট: কিন্তু কটমট ভাষা, যা অপ্রাকৃতিক, কল্লিত মাত্র. তাতে ছাডা কি আর পাণ্ডিত্য হয় না? চলিত ভাষায় কি আর শিল্পনৈপুণ্য হয় না ? স্বাভাবিক ভাষা ছেড়ে একটা অস্বাভাবিক ভাষা তয়ের করে কি হবে ? যে ভাষায় ঘরে কথা কও, তাতেই ত সমস্ত পাণ্ডিত্য গবেষণা মনে মনে কর; তবে লেখ্বার বেলা ও-একটা কি কিস্তৃত্তিকমাকার উপস্থিত কর ৷ যে ভাষায় নিজের মনে দর্শন বিজ্ঞান চিন্তা কর, দশ জনে বিচার কর—সে ভাষা

১ ১৯০০ খ্রীষ্টান্দে ২০শে ফেব্রুয়ারী তারিথে রামকৃষ্ণ মঠ-পরিচালিত 'উদ্বোধন' পত্রের সম্পাদককে স্বামীষ্ট্রী যে পত্র লিথেন তাহা হইতে উদ্ধৃত।

কি দর্শন বিজ্ঞান লেখবার ভাষা নয় ? যদি না হয়, ত নিজের মনে এবং পাঁচ জনে ও-সকল তত্ত্ববিচার কেমন করে কর ? স্বাভাবিক যে ভাষায় মনের ভাব আমরা প্রকাশ করি, যে ভাষায় ক্রোধ হঃখ ভালবাসা ইত্যাদি জানাই, তার চেয়ে উপযুক্ত ভাষা হতে পারেই না; সেই ভাব, সেই ভঙ্গি, সেই সমস্ত ব্যবহার করে যেতে হবে। ও ভাষার যেমন জোর, যেমন অল্লের মধ্যে অনেক, যেমন যে-দিকে ফেরাও সে-দিকে ফেরে, তেমন তেমন কোন তৈরী ভাষা কোনও কালে হবে না। ভাষাকে কর্তে হবে—যেন সাফ্ ইস্পাৎ, মুচ্ডে মুচ্ডে যা ইচ্ছে কর - আবার যে-কে-দেই, এক চোটে পাধর কেটে দেয়, দাঁত পড়ে না। আমাদের ভাষা, সংস্কৃতর গদাই-লম্বরি চাল—ঐ এক চাল—নকল করে অস্বাভাবিক হয়ে যাচ্ছে। ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায়, লক্ষণ।

যদি বল ওকথা বেশ; তবে বাঙ্গালা দেশের স্থানে স্থানে রকমারি ভাষা, কোন্টি গ্রহণ করবো গ প্রাকৃতিক নিয়মে যেটি বলবান্ হচ্ছে এবং ছড়িয়ে পড়ছে, সেইটিই নিতে হবে। অর্থাৎ এক কল্কেতার ভাষা। পূর্ব-পশ্চিম, যে দিক্ হতেই আয়ক না, একবার কল্কেতার হাওয়া খেলেই দেখ্ছি সেই ভাষাই লোকে কয়। তখন প্রকৃতি আপনিই দেখিয়ে দিচেছন ষে, কোন্ ভাষা লিখ্তে হবে,

#### বাঙ্গালা ভাষা

যত রেল এবং গতাগতির শুবিধা হবে, তত পূর্ব্ব-পশ্চিমী ভেদ উঠে যাবে এবং চট্টগ্রাম হতে বৈগুমাথ পর্য্যস্ত ঐ কল্কেতার ভাষাই চলবে। কোন্ জেলার ভাষা সংস্কৃতর বেশী নিকট, সে কথা হচ্ছে না—কোন্ ভাষা জিত ছে সেইটি দেখ। যখন দেখ তে পাচ্ছি যে কল্কেতার ভাষাই অল্ল দিনে সমস্ত বাঙ্গালা দেশের ভাষা হয়ে যাবে. তখন যদি পুস্তকের ভাষা এবং ঘরে-কথা-কওয়া ভাষা এক করতে হয়, ত বুদ্ধিমান অবশুই কল্কেতার ভাষাকে ভিত্তিদরূপ গ্রহণ কর্বেন। এথায় গ্রাম্য ঈর্ষাটিকেও জলে ভাসান দিতে হবে। সমস্ত দেশের যাতে জ্ল্যাণ, সেথা ভোমার জেলা বা গ্রামের প্রাধান্তটি ভূলে যেতে হবে। ভাষা-ভাবের বাহক। ভাবই প্রধান; ভাষা পরে। হীরে মতির সাজপরানো খোড়ার উপর বাঁদর বসালে কি ভাল দেখায় ? সংস্কৃতর দিকে দেখ দিকি। ত্রাহ্মণের সংস্কৃত দেখ, শবর সামীর মীমাং দাভাগ্ত দেখ, পতঞ্জলির মহাভাগ্য দেখ, শেষ—আচার্য্য শঙ্করের মায়াভাগ্য দেখ, আর অর্বাচীন কালের সংস্কৃত দেখ।—এখনি বুঝতে পার্বে যে, যখন মানুষ বেঁচে থাকে তখন ঞ্চেন্ত-কথা কয়, মরে গেলে মরা-ভাষা কয়। যত মরণ নিকট হয়, নূতন চিন্তাশক্তির যত ক্ষয় হয়, ততই তু-একটা প**চা**ভাব রাশীকৃত ফুল-চন্দন দিয়ে ছাপাবার চেফী হয়। বাপ্রে,

সে কি ধুম—দশপাতা লম্বা লম্বা বিশেষণের পর ত্রম করে—"রাজা আসীং"!!! আহাহা! কি প্যাচওয়া বিশেষণ. কি বাহাত্বর সমাস, কি শ্লেষ !!—ও সব মড়ার লক্ষণ। যখন দেশটা উৎসন্ন যেতে আরম্ভ হল তখন এই সব চিহ্ন উদয় হল। ওটি শুধু ভাষায় নয়, সকল শিল্পতেই এল। বাড়ীটার না আছে ভাব, না ভঙ্গি; থাম্গুলোকে কুঁদে কুঁদে সারা করে দিলে। বা গয়নাটা নাক ফুঁড়ে ঘাড় ফুঁড়ে ব্রহ্মরাক্ষ্মী সাজিয়ে দিলে, কিন্তু সে গয়নায়ে লতা পাত। চিত্র বিচিত্রর কি ধুম !! গান হচ্ছে, কি কান্না হচ্ছে, কি ঝগড়া হচ্ছে—তার কি ভাব, কি উদ্দেশ্য, তা ভরত ঋষিও বুঝ্তে পারেন না; আবার সে গানের মধ্যে পাঁচের কি ধুম! সে কি আঁকা বাঁকা ভামাডোল্—ছত্রিশ নাড়ীর টান তায় রে বাপ। তার উপর মুসলমান ওস্তাদের নকলে দাঁতে দাঁত চেপে, নাকের মধ্য দিয়ে আওয়াজে সে গানের আবিভাব! এ গুলো শোধরাবার লক্ষণ এখন হচ্ছে, এখন ক্রমে বুঝ বে যে, যেটা ভাবহীন, প্রাণহীন—সে ভাষা, সে শিল্প, সে সঙ্গীত কোন কাজের নয়। এখন বুঝ্বে যে, জাতীয় জীবনে যেমন ষেমন বল আস্বে, তেমন তেমন ভাষা শিল্প সঙ্গীত প্রভৃতি আপনা আপনি ভাবময় প্রাণপূর্ণ হয়ে দাঁড়াবে। হুটো চলিত কণায় যে ভাবরাশি

#### বাঙ্গালা ভাষা

আসবে, তা হ' হাজার ছাঁদি বিশেষণেও নেই। তথন দেবতার মূর্ত্তি দেখ্লেই ভক্তি হবে, গহনাপরা মেয়ে-মাত্রই দেবী বলে বোধ হবে, আর বাড়ী ঘর দোর সব প্রাণম্পন্দনে ডগ্মগ কর্বে।

### বৰ্ত্তমান সমস্তা '

ভারতের প্রাচীন ইতিবৃত্ত—এক দেবপ্রতিম জাতির অলোকিক উত্তম, বিচিত্র চেফা, অদীম উৎসাহ, অপ্রতি-হত শক্তিসংঘাত ও সর্ব্বাপেক্ষা অতি গভীর চিস্তাশীলতায় পরিপূর্ণ। ইতিহাস অর্থাৎ রাজা-রাজড়ার কথা ও তাঁহাদের কাম-ক্রোধ-ব্যসনাদির দারা কিয়ৎকাল পরিক্ষুর, তাঁহাদের স্বচেফা কুচেফায় সাময়িক বিচালিত সামাজিক চিত্ৰ হয়ত প্রাচীন ভারতে একেণারেই নাই। কিন্তু কুংপিপাসা-কাম-ক্রোধাদি বিতাড়িত, সৌন্দর্য্যতৃষ্ণাকৃষ্ট ও মহান্ অপ্রতিহতবৃদ্ধি—নানাভাবপরিচালিত —একটি যতি বিস্তীর্ণ জনসজা, সভ্যতার উন্মেষের প্রায় প্রাকাল হইতেই নানাবিধ পথ অবলম্বন করিয়া যে স্থানে সম্পস্থিত হইয়া-ছিলেন —ভারতের ধর্মগ্রন্থরাশি, কাব্যসমুদ্র দর্শনসমূহ ও বিবিধ বৈজ্ঞানিক তন্ত্রশ্রেণী, প্রতি ছত্রে—তাহার প্রতি পদবিক্ষেপ রাজাদিপুরুষবিশেষবর্ণনাকারী পুস্তকনিচয়া-পেক্ষা লক্ষণ্ডণ স্ফুটীকৃতভাবে দেখাইয়া দিতেছে। প্রকৃতির সহিত যুগযুগান্তর-ব্যাপী সংগ্রামে তাঁহারা যে রাশীকৃত

<sup>&</sup>gt; 'উদ্বোধনের' প্রস্তাবনা

#### বৰ্ত্মান সমস্থা

জয়পতাকা সংগ্রহ করিয়াছিলেন, আজ জীর্ণ বাত্যাহত হইয়াও সেগুলি প্রাচীন ভারতের জয় বোষণা করিতেছে।

এই জাতি মধ্য-আসিয়া, উত্তর ইউরোপ বা স্থমেরুসন্নিহিত হিমপ্রধান প্রদেশ হইতে শনৈঃপদস্কারে পবিত্র
ভারতভূমিকে তীর্থক্রপে পরিণত করিয়াছিলেন বা এই
তীর্থভূমিই তাঁহাদের আদিম নিবাস—এখনও জানিবার
উপায় নাই।

অথবা ভারতমধ্যন্ত বা ভারতবহিভূ ত-দেশবিশেষনিবাসী একটি বিরাট জাতি নৈসর্গিক নিয়মে স্থানভ্রষ্ট
হইয়া ইউরোপাদি ভূমিতে উপনিবেশ স্থাপন করিয়াছেন
এবং তাঁহারা খেতকায় বা কৃষ্ণকায়, নীলচক্ষু বা
কৃষ্ণচক্ষু, কৃষ্ণকেশ বা হিরণ্যকেশ ছিলেন—কতিপয়
ইউরোপীয় জাতির ভাষার সহিত সংস্কৃত ভাষার সাদৃশ্য
ব্যতিরেকে, এই সকল সিদ্ধান্তের আর কোনও প্রমাণ
নাই। আধুনিক ভারতবাসী ভাঁহাদের বংশধর কিনা,
অথবা ভারতের কোন্ জাতি কত পরিমাণে তাঁহাদের
শোণিত বহন করিতেছেন, এ সকল প্রশ্নেরও মীমাংসা
সহজ নহে।

অনিশ্চিতত্বেও আমাদের বিশেষ ক্ষতি নাই। তবে ষে জাতির মধ্যে সভ্যতার উন্মীলন হইয়াছে, ষেণায় চিস্তাশীলতা পরিস্ফুট হইয়াছে—সেই স্থানে

লক্ষ লক্ষ তাঁহাদের বংশধর—মানসপুত্র—তাঁহাদের ভাব-রাশির, চিন্তারাশির উত্তরাধিকারী উপস্থিত। নদী, পর্বত, সমুদ্র উল্লজ্ঞন করিয়া, দেশকালের বাধা থেন তুচ্ছ করিয়া, স্থপরিস্ফুট বা অজ্ঞাত অনির্বাচনীয় সূত্রে ভারতীয়চিস্তা-রুধির অন্য জাতির ধমনীতে পঁত্রছিয়াছে এবং এখনও পঁত্রছিতেতে

হয়ত আমাদের ভাগে সার্ব্বভৌম পৈতৃকসম্পত্তি কিছু অধিক।

ভূমধ্যদাগরের পূর্ববকোণে স্মঠাম স্থলর দ্বীপমালা-পরিবেষ্টিত, প্রাকৃতিক-সৌন্দর্য্য-বিভূষিত একটি ক্ষুদ্রদেশে অল্পসংখ্যক অথচ সর্ববাদ্ধস্থলর, পূর্ণাবয়ব অথচ দৃঢ়প্নায়ুপেশী-সমন্বিত, লগুকায় অথচ অটল-অধ্যবসায়-সহায়, পার্থিব সৌন্দর্য্যস্থির একাধিরাজ, অপূর্ববক্রীয়াশীল, প্রতিভাশালী এক জাতি ছিলেন।

অত্যাত্য প্রাচীন জ্বাতিরা ইহাদিগকে যবন বলিত; ইহাদের নিজ নাম—গ্রীক।

মনুয়-ইতিহাসে এই মৃষ্টিমেয় অলৌকিক বীর্য্যশালী জাতি এক অপূর্ব্ব দৃষ্টান্ত। যে দেশে মনুয় পার্থিব বিভায় —সমাজনীতি, যুদ্ধনীতি, দেশশাসন, ভাস্কর্য্যাদি শিল্পে— অগ্রসর হইশ্লাছেন বা হইতেছেন, সেই স্থানেই প্রাচীন গ্রীসের ছায়া পড়িয়াছে। প্রাচীন কালের কথা ছাড়িয়া

#### বৰ্ত্তমান সমস্তা

দেওয়া যাউক; আমরা আধুনিক বাঙ্গালী—আজ অর্দ্ধশতাব্দী ধরিয়া ঐ যবন গুরুদিগের পদাতুসরণ করিয়া
ইউরোপীয় সাহিত্যের মধ্য দিয়া তাঁহাদের যে আলোটুকু
আসিতেছে, তাহারই দীপ্তিতে আপনাদিগের গৃহ উজ্জ্বীত
করিয়া স্পর্দ্ধা অনুভব করিতেছি।

সমগ্র ইউরোপ আজ সর্ববিষয়ে প্রাচীন গ্রীদের ছাত্র এবং উত্তরাধিকারী; এমন কি, একজন ইংলণ্ডীয় পণ্ডিত বলিয়াছেন, "যাহা কিছু প্রকৃতি স্বস্থি করেন নাই, তাহা গ্রীকমনের স্বস্থি।"

স্থদ্রন্থিত বিভিন্নপর্ববত-সমূৎপন্ন এই তুই মহানদীর মধ্যে মধ্যে সঙ্গম উপস্থিত হয়; এবং যখন ঐ
প্রকার ঘটনা ঘটে, তখনই জনসমাজে এক মহা আধ্যাত্মিক তরঙ্গে উত্তোলিত সভ্যতা-রেখা স্থদ্র-সম্প্রসারিত
এবং মানবমধ্যে ভ্রাতৃত্বন্ধন দৃঢ়তর হয়।

অতি প্রাচীনকালে একবার ভারতীয় দর্শনবিত্যা
গ্রীক-উৎসাহের সম্মিলনে রোমক, ইরাণী প্রভৃতি মহাজাতিবর্গের অভ্যুদয় সূত্রিত করে। সিকন্দর সাহেব
দিখ্রিজয়ের পর এই তুই মহাজলপ্রপাতের সংঘর্ষে প্রায়
অর্দ্ধ ভূভাগ ঈশাদিনামাখ্যাত অধ্যাত্ম-তরঙ্গরাজি উপগ্রাবিত করে। আরবদিগের অভ্যুদয়ের সহিত পুনরায়
ঐ প্রকার মিশ্রণ আধুনিক ইউরোপীয় সভ্যতার ভিত্তি-

স্থাপন করে এবং বোধ হয়, আধুনিক সময়ে পুনর্ববার ঐ তুই মহাশক্তির সম্মিলনকাল উপস্থিত।

এবার কেন্দ্র ভারতবর্ষ।

ভারতের বায়ু শান্তিপ্রধান; যবনের প্রাণ শক্তি-প্রধান; একের গভীর চিন্তা, অপরের অদম্য কার্য্যকারিতা; একের মূলমন্ত্র 'ত্যোগ,' অপরের 'ভোগ'; একের প্রায় সর্ববিচ্চা অন্তমু বী, অপরের বহিমু বী; একের প্রায় সর্ববিদ্যা অধ্যাত্ম, অপরের অধিভূত; একজন মৃক্তিপ্রিয়, অপর স্বাধীনতাপ্রাণ; একজন ইহলোক-কল্যাণলাভে নিরুৎসাহ, অপর এই পৃথিবীকে স্বর্গভূমিতে পরিণত করিতে প্রাণপণ; একজন নিত্যস্থপের আশায় ইহলোকের অনিত্য স্থকে উপেক্ষা করিতেছেন, অপর নিত্যস্থপে সন্দিহান হইয়া বা দূরবর্ত্তী জানিয়া যথাসম্ভব ঐহিক স্থবলাভে সমৃত্যত।

এ যুগে পূর্বেণাক্ত জাতিদ্বয়ই অন্তর্হিত হইয়াছেন, কেবল তাঁহাদের শারীরিক বা মানসিক বংশধরের। বর্তুমান।

ইউরোপ আমেরিকা যবনদিগের সমূলত মুখোচ্ছল-কারী সস্তান; আধুনিক ভারতবাদী আর্যাকুলের গৌরব নহেন।

কিন্তু ভত্মাচ্ছাদিত বহ্নির ন্যায় এই আধুনিক ভারত-

#### বৰ্ত্তমান সমস্থা

বাসীতেও অন্তর্নিহিত পৈতৃক শক্তি বিভ্যমান। যথাকালে মহাশক্তির কৃপায় তাহার পুনঃস্ফুরণ হইবে।

প্রস্ফুরিত হইয়া কি হইবে গ

পুনর্বার কি বৈদিক যজ্ঞধূমে ভারতের আকাশ তর্নমেগারত প্রতিভাত হইবে, বা পশুরক্তে রম্ভিদেবের कीर्जित शूनकृषीशन श्रेट्ट ? (शास्त्रिम, व्ययस्थम, त्रिव्हत्र দারা স্থতোৎপত্তি আদি প্রাচীন প্রথা পুনরায় কি ফিরিয়। আসিবে বা বৌদ্ধোপপ্লাবনে পুনর্কার সমগ্র ভারত একটি বিস্তীর্ণ মঠে পরিণত হইবে ? মনুর শাসন পুনরায় কি অপ্রতিহত প্রভাবে প্রতিষ্ঠিত হইবে বা দেশভেদে বিভিন্ন ভক্ষ্যাভক্ষ্য-বিচারই আধুনিক কালের স্থায় সর্ববতোমুখী প্রভুতা উপভোগ করিবে ? জাতিভেদ বিভয়ান থাকিবে ? —গুণগত হইবে বা চির-কাল জন্মগত থাকিবে ? জাতিভেদে ভক্ষ্যসম্বন্ধে স্পৃষ্টা-স্পুট-বিচার বঙ্গদেশের স্থায় পাকিবে বা মান্দ্রাজাদির ভায় কঠোরতর রূপ ধারণ করিবে **অথ**বা পাঞ্জাবাদি প্রদেশের ক্রায় একেবারে তিরোহিত হইয়। ষাইবে ? বর্ণভেদে যৌন-সম্বন্ধ মনূক্ত ধর্ম্মের স্থায় এবং নেপালাদি দেশের গ্রায় অনুলোমক্রমে পুনঃপ্রচলিত হইবে বা বঙ্গাদি দেশের স্থায় একবর্ণমধ্যে অবাস্তর বিভাগেও প্রতিবদ্ধ হইয়া অবস্থান করিবে ? এ সকল প্রশ্নের সিদ্ধান্ত করা

অতীবী হরহ। দেশভেদে, এমন কি একই দেশে, জাতি এক বংশভেদে আচারের ধোর বিভিন্নতা দৃষ্টে মীমাংসা আরও হুরহতর প্রতীত হইতেছে।

তবে হইবে কি?

যাহা আমাদের নাই, বোধ হয় পূর্বকালেও ছিল না। যাহা যবনদিগের ছিল, যাহার প্রাণম্পন্দনে ইউরোপীয় বিদ্যাদাধার হইতে ঘন ঘন মহাশক্তির সঞ্চার হইয়া ভূমগুল পরিব্যাপ্ত করিতেছে, চাই তাহাই। চাই—সেই উত্তম, সেই স্বাধীনতাপ্রিয়তা, সেই আত্মনির্ভর, সেই অটল ধৈর্য্য, সেই কার্য্যকারিতা, সেই একতাবন্ধন, সেই উন্নতিভ্ঞা; চাই—সর্বদা পশ্চাদৃষ্টি কিঞ্চিৎ স্থগিত করিয়া অনন্ত সম্মুখসম্প্রসারিত দৃষ্টি, আর চাই—আপাদমন্তক শিরায় শিরায় সঞ্চারকারী রজোগুণ।

ত্যাগের অপেক্ষা শান্তিদাতা কে ? অনস্ত কল্যাণের
তুলনার ক্ষণিক ঐহিক কল্যাণ নিশ্চিত অতি তুচ্ছ।
সত্তগোপেক্ষা মহাশক্তিসঞ্চয় আর কিসে হয় ? অধ্যাত্ম
বিভার তুলনায় আর সব 'অবিভা' সত্য বটে, কিন্তু
কয় জন এ জগতে সত্তগুণ লাভ করে—এ ভারতে
কয় জন । সে মহাবীরত্ব কয় জনের আছে যে নির্মুম
হইয়া সর্ববত্যানী হন ? সে দূরদৃষ্টি কয় জনের ভাগ্যে
ঘটে, যাহাতে পার্থিব স্থব তুচ্ছ বোধ হয় ? সে বিশাল

#### বৰ্ত্তমান সমস্থা

হৃদয় কোধায়, যাহা সৌন্দর্য্য ও মহিমাচিন্তায় নিজ শরীক্ষ পর্যান্ত বিশ্বৃত হয় ? ঘাঁহারা আছেন, সমগ্র ভারতের লোকসংখ্যার তুলনায় তাঁহারা মৃষ্টিমেয়। —আর এই মৃষ্টিমেয় লোকের মৃক্তির জন্ম কোটি কোটি নরনারীকে সামাজিক আধ্যাত্মিক চক্রের নীচে নিপ্পিষ্ট হইতে হইবে ?

এ পেষণেরই বা কি কল ?

দেখিতেছ না ষে, সরগুণের ধুয়া ধরিয়া ধীরে ধীরে দেশ তমোগুণসমূতে ভুবিয়া গেল। যেথায় মহাজড়-বৃদ্ধি পরাবিত্যায়রাগের ছলনায় নিজ মূর্যতা আচ্ছাদিত করিতে চাহে; যেথায় জন্মালস বৈরাগ্যের আবরণ নিজের অকর্মণ্যতার উপর নিক্ষেপ করিতে চাহে; যেথায় ক্রুরকর্মী তপস্থাদির ভান করিয়া নিষ্ঠুরতাকেও ধর্ম করিয়া ভুলে; যেথায় নিজের সামর্য্যহীনতার উপর দৃষ্টি কাহারও নাই —কেবল অপরের উপর সমস্ত দোষনিক্ষেপ; বিভা কেবল কতিপয় পুস্তককণ্ঠস্থে, প্রভিভা চর্বিবতচর্বণে এবং সর্বেগাপরি গৌরব কেবল পিতৃপুরুষের নামকীর্তনে; সে দেশ তমোগুণে দিন দিন ভুবিতেছে, তাহার কি প্রমাণান্তর চাই ?

অতএব সরগুণ এখনও বহুদূর। আমাদের মধ্যে যাঁহারা পরমহংস-পদবীতে উপস্থিত হইবার যোগ্য নহেন বা ভবিয়তে আশা রাখেন, তাঁহাদের পক্ষে রুক্তেম্প্র

আবির্ভাবই পরম কল্যাণ। রজোগুণের মধ্য দিয়া না যাইলে কি সত্ত্বে উপনীত হওয়া যায় ? ভোগ শেষ না হইলে যোগ কি করিবে ? বিরাগ না হইলে ভ্যোগ কোথা হইতে আসিবে ?

অপর দিকে তালপত্রবহ্নির স্থায় রজোগুণ শীঘ্রই নির্বাবারণ, দরের সন্নিধান নিত্যবস্তুর নিকটতম, সত্ত প্রায় নিত্য, রজোগুণপ্রধান জ্বাতি দীর্ঘজীবন লাভ করে না, সত্তগ্রপ্রধান যেন চিরজীবী; ইহার সাক্রী ইতিহাস।

ভারতে রজোগুণের প্রায় একান্ত অভাব; পাশ্চান্ড্যে সেই প্রকার সত্ত্বের। ভারত হইতে সমানীত সত্ত্ব-ধারার উপর পাশ্চান্য জগতের জীবন নির্ভর করিতেছে নিশ্চিত এবং নিমন্তরে তমোগুণকে পরাহত করিয়া রজোগুণপ্রবাহ প্রবাহিত না করিলে আমাদের ঐহিক কল্যাণ যে সমূৎপাদিত হইবে না ও বহুংগ পারলোকিক কল্যাণের বিদ্ন উপন্থিত হইবে, ইহাও নিশ্চিত।

এই হুই শক্তির সম্মিলনের ও মিশ্রাণের যথাসাধ্য সহায়তা করা 'উদ্বোধনের' জীবনোদ্দেশ্য।

যগুপি ভয় আছে য়ে, এই পাশ্চান্তাবীর্যাতরঙ্গে আমাদের বহুকালাজ্জিত রত্নরাজি বা ভাসিয়া য়ায় ; ভয় হয়, পাছে প্রবল আবর্ত্তে পড়িয়া ভারতভূমিও ঐহিক ভোগলাভের রণভূমিতে আত্মহারা হইয়া য়ায় ; ভয় হয়

#### বৰ্ত্তমান সমস্থা

পাছে অসাধ্য অসম্ভব এবং মূলোচ্ছেদকারী বিজাতীয় চঙ্গের
অত্নকরণ করিতে যাইয়া আমরা ইতোনফ্টস্তভোভ্রফঃ
হইয়া যাই। এই জন্ম ঘরের সম্পত্তি সর্ববদা সম্মুধে
রাখিতে হইবে; যাহাতে অসাধারণসকলে তাহাদের
পিতৃধন সর্ববদা জানিতে ও দেখিতে পারে, তাহার প্রযত্ত্ব
করিতে হইবে ও সঙ্গে সঙ্গে নির্ভীক হইয়া সর্ববদার
উন্মুক্ত করিতে হইবে। আত্মক চারিদিক হইতে রশ্মিধারা,
আত্মক তীব্র পাশ্চাত্তা কিরণ। যাহা ছর্ববদ, দোষযুক্ত,
তাহা মরণশীল—তাহা লইয়াই বা কি হইবে । যাহা বীর্যান্
বান, বলপ্রদ, তাহা অবিনশ্র —তাহার নাশ কে করে ।

কত পর্বতিশিখর হইতে কত হিমনদী, কত উৎস, কত জলধারা উচ্ছুসিত হইয়া বিশাল স্থর-তর্ম্পিনীরূপে মহাবেগে সমুদ্রাভিমুখে যাইতেছে। কত বিভিন্ন প্রকারের ভাব কত শক্তিপ্রবাহ - দেশদেশান্তর হইতে কত সাধূহদয়, কত ওজন্দী মস্তিক হইতে প্রস্তুত হইয়া নর-রঙ্গক্ষেত্র কর্ম্মভূমি—ভারতবর্ধকে আচ্ছন্ন করিয়া ফেলিতেছে। লোহবর্জ্ব-বাষ্পপোতবাহন ও তড়িৎসহায় ইংরেজের আধিপত্যে বিত্রান্বেগে নানাবিধ ভাব, রীতিনীতি দেশমধ্যে বিস্তীর্ণ হইয়া পড়িতেছে। অমৃত আসিতেছে, সঙ্গে সঙ্গে গরলও আসিতেছে—ক্রোধ-কোলাহল, ক্রথিরপাতাদি সমস্তই হইয়া গিয়াছে—এ তরঙ্গরোধের শক্তি হিন্দু-

সমাজে নাই। যন্ত্রোদ্ধত জল হইতে মৃতজীবান্থি-বিশ্বোধিত
শর্করা পর্য্যন্ত সকলই বহুবাগাড়ম্বরসত্ত্বেও নিঃশব্দে গলাধঃকৃত হইল; আইনের প্রবল প্রভাবে ধীরে ধীরে, অতি
যদ্ধে রক্ষিত রীতিগুলিরও অনেকগুলি ক্রমে ক্রমে খসিয়া
পড়িতেছে—রাধিবার শক্তি নাই। নাই বা কেন ? সত্য কি বাস্তবিক শক্তিহীন ? "সত্যমেব জয়তে নান্তম্"—
এই বেদবাণী কি মিথ্যা ? অথবা যেগুলি পাশ্চান্ত্য রাজশক্তি বা শিক্ষাশক্তির উপপ্লাবনে ভাসিয়া যাইতেছে—
সেই আচারগুলিই অনাচার ছিল ? ইছাও বিশেষ
বিচারের বিষয়।

"বহুজনহিতায় বহুজনত্থায়" নিঃপার্থভাবে ভক্তিপূর্ণহাদয়ে এই সকল প্রান্ধের মীমাংসার জন্ম 'উদ্বোধন'
সহাদয় প্রেমিক বুধমগুলীকে আহ্বান করিতেছে এবং দেষবৃদ্ধিবিরহিত ও ব্যক্তিগত বা সমাজগত বা সম্প্রদায়গত
কুবাক্যপ্রয়োগে বিমুখ হইয়া সকল সম্প্রদায়ের সেবার
জন্মই আপনার শরীর অর্পণ করিতেছে।

কার্য্যে আমাদের অধিকার, ফল প্রভুর হস্তে; কেবল আমরা বলি—হে ওজঃস্বরূপ! আমাদিগকে ওজস্বী কর; হে বীর্য্যস্বরূপ! আমাদিগকে বীর্য্যবান কর; হে বল-স্বরূপ! আমাদিগকে বলবান কর।

### ত্তানাৰ্জন

ত্রন্ধা—দেবতাদিগের প্রথম ও প্রধান, শিশ্বপরস্পরায় জ্ঞান প্রচার করিলেন; উৎসর্পিণী ও অবসর্পিণী কালচক্রের মধ্যে কতিপয় অলোকিক সিদ্ধপুরুষ—জিনের প্রাহ্রতাব হয় ও তাহাদের হইতে মানবসমাজে জ্ঞানের পুনঃ পুনঃ স্ফূর্ত্তি হয়; সেই প্রকার বৌদ্ধমতে সর্বজ্ঞ বুদ্ধনামধেয় মহাপুরুষদিগের বারংবার আবির্ভাব; পৌরাণিকদিগের অবতারের অবতরণ আধ্যাত্মিক প্রয়োজনে বিশেষরূপে, অন্যান্ত নিমিত্ত-অবলম্বনেও; মহামনা স্পিতামা জরতুষ্ট্র জ্ঞানদীপ্তি মর্ত্তালোকে আনয়ন করিলেন; হজরৎ মুশা, কশা ও মহত্মদও তদ্ধ অলোকিক উপায়শালী হইয়া অলোকিক পথে অলোকিক জ্ঞান মানব-সমাজে প্রচার করিলেন!

কয়েকজন মাত্র জিন হন, তাহা ছাড়া আর কাহারও জিন হইবার উপায় নাই, অনেকে মুক্ত হন মাত্র; বুদ্ধনামক অবস্থা সকলেই প্রাপ্ত হইতে পারেন; ব্রহ্মাদি— পদবীমাত্র জীবমাত্রেরই হইবার সম্ভাবনা; জরতুষ্ট্র, মুশা, ঈশা, মহম্মদ লোক-বিশেষ কার্য্যবিশেষের জন্ম অবতীর্ণ; তদ্বৎ পৌরাণিক অবতারগণ—নে আসনে অন্মের দৃষ্টি-

নিক্ষেপ বাতুলতা। 'আদম' ফল খাইয়া জ্ঞান পাইলেন, 'মু' (Noah) জিহোবাদেবের অনুগ্রহে সামাজিক শিল্প শিবিলেন। ভারতে সকল শিল্পের অধিষ্ঠাতা—দেবগণ বা সিন্ধপুরুষ; জুতাসেলাই হইতে চণ্ডীপাঠ পর্যান্ত সমস্তই অলোঞ্চিক পুরুষদিগের কুপা। 'গুরু বিন্ জ্ঞান নহি'; শিল্প-পরম্পরায় ঐ জ্ঞানবল গুরু-মুখ হইতে না আসিলে, গুরুর কুপা না হইলে আর উপায় নাই।

আবার দার্শনিকেরা—বৈদান্তিকেরা বলেন, জ্ঞান মনুয্যের সভাব-সিদ্ধ ধন —আত্মার প্রকৃতি; এই মানবাত্মাই
অনস্ত জ্ঞানের আধার, তাহাকে আবার কে শিখাইবে 
ফুকর্ম্মের দ্বারা ঐ জ্ঞানের উপর যে একটা আবর্রন
পড়িয়াছে, তাহা কাটিয়া যায় মাত্র। অথবা ঐ 'স্বতঃসিদ্ধ
ক্রান' অনাচারের দ্বারা সঙ্কুচিত হইয়া যায়, ঈশরের
কৃপায় সদাচারের দ্বারা পুনর্বিক্যারিত হয়। অন্টাঙ্গ
যোগাদির দ্বারা, ঈশরের ভাক্তর দ্বারা, নিক্ষাম কর্ম্মের দ্বারা,
জ্ঞানচর্চ্চার দ্বারা অন্তর্নিহিত অনস্ত শক্তি ও জ্ঞানের বিকাশ
—ইহাও পড়া যায়।

আধুনিকেরা অপরদিকে অনন্তস্ফূর্ত্তির আধারস্বরূপ মানব-মন দেখিতেছেন, উপযুক্ত দেশকালপাত্র পরস্পারের উপর ক্রিয়াবান হইতে পারিলেই জ্ঞানের স্ফুর্ত্তি হইবে. ইহাই সকলের ধারণা। আবার দেশকালের বিভ্ননা

#### জানাৰ্জ্জন

পাত্রের তেজে অতিক্রম করা বার্য় সংপাত্র কুদেশে,
কুকালে পড়িলেও বাধা অতিক্রম করিয়া আপনার শক্তির
বিকাশ করে। পারের উপর, অধিকারীর উপর যে সমস্ত
ভার চাপান হইয়াছিল, তাহাও কমিয়া আসিতেছে।
সেদিনকার বর্বর জাতিরাও যত্ত্বগে স্থসভা ও জ্ঞানী
হইয়া উঠিতেছে - নিমন্তর উচ্চতম আসন অপ্রতিহত
গতিতে লাভ করিতেছে। নিরামিষ-ভোজী পিভামাতার
সন্তানও স্থবিনীত, বিদ্বান হইয়াছে, সাঁওতাল-বংশধরেরাও
ইংরাজের কৃপায় বাঙ্গালীর পুত্রদিগের সহিত বিদ্যালয়ে
প্রতিদ্বিতা স্থাপন করিতেছে। পিতৃপিতামহাগত গুণের
পক্ষপাতিতা ঢের কমিয়া আসিয়াছে।

একদল আছেন, যাঁহাদের বিশাস - প্রাচীন মহাপুরুষদিগের অভিপ্রায় পূর্ববপুরুষপরম্পরাগত পথে তাঁহারাই
প্রাপ্ত হইয়াছেন এবং সকল বিষয়ের জ্ঞানের একটি
নির্দ্দিট ভাগুার অনস্ত কাল হইতেই আছে, ঐ খাজানা
পূর্ববপুরুষদিগের হস্তে গুল্ত হইয়াছিল। তাঁহারা উত্তরাধিকারী, জগতের পূজা। যাঁহাদের এ প্রকার পূর্ববপুরুষ
নাই, তাঁহাদের উপায় দ —িকছুই নাই। তবে যিনি
অপেকারত সদাশয়, উত্তর দিলেন - আমাদের পদলেহন
কর, সেই স্কুতিফলে আগামী জ্বে আমাদের বংশে
জন্মগ্রহণ করিবে।—আর এই যে আধুনিকেরা বহুবিভার

আবির্ভাব করিতেছেন—যাহা তোমরা জান না এবং তোমাদের পূর্ববপুরুষেরা যে জানিতেন তাহারও প্রমাণ নাই ? পূর্ববপুরুষেরা জানিতেন বৈকি, তবে লোপ হইয়া গিয়াছে, এই শ্লোক দেখ—।

অবশ্য প্রত্যক্ষবাদী আধুনিকেরা এ সকল কথায় আস্থা প্রকাশ করেন না।

অপরা ও পরাবিতায় বিশেষ আছে নিশ্চিত, আধি-ভৌতিক ও আধ্যাত্মিক জ্ঞানে বিশেষ আছে নিশ্চিত, একের রাস্তা অত্যের না হইতে পারে, এক উপায়-অবলম্বনে সকল প্রকার জ্ঞান-রাজ্যের দ্বার উদ্যাটিত না হইতে পারে, কিন্তু সেই বিশেষণ (difference) কেবল উচ্চতার তারতম্য, কেবল অবস্থাভেদ, উপায়ের অবস্থা-নুযায়ী প্রয়োজন-ভেদ, বাস্তবিক সেই এক অখণ্ড জ্ঞান ব্রুলাদিস্তম্ব পর্যান্ত ব্রুলাণ্ডপরিব্যাপ্ত।

"জ্ঞান-মাত্রেই পুরুষ-বিশোষের দ্বারা অধিকৃত এবং ঐ সকল বিশেষ পুরুষ, ঈশর বা প্রকৃতি বা কর্মানির্দ্দিষ্ট হইয়া যথাকালে জন্মগ্রহণ করেন, তদ্তিন কোনও বিষয়ে জ্ঞান-লাভের আর কোন উপায় নাই," এইটি স্থির সিদ্ধান্ত হইলে সমাজ হইতে উল্যোগ উৎসাহাদি অন্তর্হিত হয়, উদ্ভাবনী শক্তি চর্চাভাবে ক্রমশঃ বিলীন হয়, নৃতন বস্তুতে আর কাহারও আগ্রহ হয় না, হইবার উপায়ও সমাজ

#### জানাৰ্জন

ক্রমে বন্ধ করিয়া দেন। যদি ইহাই স্থির হইল যে,
সর্বহন্ত পুরুষবিশেষগণের দ্বারায় মানবের কল্যাণের পন্থা
অনস্ত কালের নিমিত্ত নির্দিষ্ট হইয়াছে, তাহা হইলে
সেই সকল নির্দেশের রেখা-মাত্র ব্যতিক্রম হইলেই
সর্ববনাশ হইবার ভয়ে সমাজ কঠোর শাসন দ্বারা মন্থুয়গণকে ঐ নির্দিষ্ট পথে লইয়া যাইতে চেন্টা করে। যদি
সমাজ এ বিষয়ে কৃতকার্য্য হয়, তবে মনুয়্যের পরিণাম
যন্তের ভায় হইয়া যায়। জীবনের প্রত্যেক কার্যাই যদি
অগ্র হইতে স্থনিদ্দিষ্ট হইয়া রহিয়াছে, তবে চিন্তা-শক্তির
পর্যালোচনার আর ফল কি 
ক্রমে ব্যবহারের অভাবে
উদ্রাবনী-শক্তির লোপ ও ত্যোগুণপূর্ণ জড়তা আসিয়া
পড়ে; সে সমাজ ক্রমশঃই অধোগতিতে গমন করিতে
থাকে।

অপরদিকে, সর্বপ্রকারে নির্দেশবিহীন হইলেই যদি কল্যাণ হইত, তাহা হইলে চীন, হিন্দু, মিশর, বাবিল, ইরাণ, গ্রীস, রোম ও তাহাদের বংশধরদিগকে ছাড়িয়া সভ্যতা ও বিভাগ্রী জুলু, কাফ্রি, হটেণ্টট্, সাঁওতাল, আন্দামানি ও অষ্ট্রেলীয়ান্ প্রভৃতি জাতিগণকেই আশ্রয় করিত।

অত এব মহাপুরুষদিগের দারা নির্দ্দিষ্ট পথেরও গৌরব আছে, গুরুপরম্পরাগত জ্ঞানেরও বিশেষ বিধেয়তা আছে,

জ্ঞানে সর্ববান্তর্যামিত্বও একটি অনন্ত সত্য। কিন্তু বোধ হয়, প্রেমের উচ্ছানে আত্মহারা হইয়া ভক্তেরা মহাজন-দিগের অভিপ্রায় তাঁহাদের পূজার সমক্ষে বলিদান করেন এবং স্বয়ং হতন্ত্রী হইলে মনুষ্য স্বভাবতঃ পূর্ববপ্রুবদিগের ঐশ্ব্যা-স্মরণেই কালাভিপাত করে, ইহাও প্রত্যক্ষসিদ্ধ। ভক্তিপ্রবণ হাদ্য সর্বব্রকারে পূর্ববপুরুষদিগের পদে আত্মসমর্পণ করিয়া স্বয়ং ছর্বল হইয়া যায় এবং পরবর্ত্তী কালে ঐ ছর্ববল্ডাই শক্তিহীন গব্বিত হাদয়কে পূর্বব-পুরুষদিগের গৌরবঘোষণারূপ জীবনাধার-মাত্র অবলম্বন করিতে শিখায়।

পূর্ববর্ত্তী মহাপুরুষেরা সম্দয়ই প্রানিতেন, কালবশে সেই জ্ঞানের অধিকাংশই লোপ হইয়া গিয়াছে, একথা সত্য হইলেও ইহাই নিজান্ত হইবে যে, ঐ লোপের কারণ—পরবর্ত্তীদের নিকট ঐ লুপ্ত জ্ঞান থাকা না থাকা সমান; নৃতন উভোগ করিয়া পুনর্ববার পরিশ্রম করিয়া তাহা আবার শিখিতে হইবে।

আধ্যাত্মিক জ্ঞান যে বিশুক্ষচিত্তে আপনা ইইতেই
স্ফুরিত হয়, তাহাও চিত্তশুক্ষিরপ বহু আয়াস ও পরিশ্রমসাধ্য। আধিভৌতিক জ্ঞানে ধে সকল গুরুতর সত্য
মানব-হৃদয়ে পরিস্ফুরিত ইইয়াছে, অনুসন্ধানে জানা যায়
যে, সেগুলিও সহসা উদ্ভূত দীপ্তির স্থায় মনীধীদের

#### জ্ঞানাৰ্জ্জন

মনে সমুদিত হইরাছে, কিন্তু বহু অসভ্য মনুষ্টের মনে তাহা হয় না। ইহাই প্রমাণ যে, আলোচনা ও বিছা-চর্চচারূপ কঠোর তপস্থাই তাহার কারণ।

অলোকিকত্বরূপ যে অদ্ভূত বিকাশ, চিরোপার্ভিজত লোকিক চেন্টাই তাহার কারণ; লোকিক ও এলোকিক কেবল প্রকাশের তারতম্যে।

মহাপুরুষত্ব, ঋষিত্ব, অবতারত্ব বা লৌকিক-বিতায়
মহাবীরত্ব সর্ববজীবের মধ্যে আছে, উপযুক্ত গবেষণা
ও কালাদিসহায়ে তাহা প্রকাশিত হয়। যে সমাজে
ঐ প্রকার বীরগণের একবার প্রাত্তাব হইয়া গিয়াছে,
সেপায় পুনর্বার মনীষিগণের অভ্যুত্থান অধিক সম্ভব।
গুরুসহায় সমাজ অধিকতর বেগে অগ্রসর হয়, তাহাতে
সন্দেহ নাই; কিন্তু গুরুহীন সমাজে কালে গুরুর
উদয় ও জ্ঞানের বেগপ্রাপ্তি তেমনিই নিশ্চিত।

# পারি-প্রদর্শনী >

কয়েক দিবস যাবৎ পারি (Paris)-মহাদর্শনীতে 'কংগ্রে দ'লিস্তো দার দে রিলিঞ্চিগ্র' অর্থাৎ ধর্ম্মেতিহাস-নামক সভার অধিবেশন হয়। উক্ত সভায় অধ্যাত্ম-বিষয়ক এবং মতামতসম্বন্ধী কোনও চর্চার স্থান চিল না, কেবলমাত্র বিভিন্ন ধর্ম্মের ইতিহাস অর্থাৎ তদ্স-সকলের তথ্যাত্মন্ধানই উদ্দেশ্য ছিল। এ বিধায়, এ সভায় বিভিন্ন ধর্ম্মপ্রচারকসম্প্রদায়ের প্রতিনিধির একাস্ত অভাব। চিকাগো মহাসভা এক বিরাট ব্যাপার ছিল। স্থতরাং সে সভায় নানা দেশের ধর্মপ্রচারকমণ্ডলীর প্রতিনিধি উপস্থিত ছিলেন। এ সভায় জন কয়েক পণ্ডিত, যাঁহারা বিভিন্ন ধর্ম্মের উৎপত্তিবিষয়ক চর্চচা করেন, তাঁহারাই উপস্থিত ছিলেন। ধর্ম্মসভা না হইবার কারণ এই যে, চিকাগো মহামণ্ডলীতে ক্যাথলিক সম্প্রদায় বিশেষ উৎসাহে যোগদান করিয়াছিলেন; ভরুমা— প্রোটেফীণ্ট সম্প্রদায়ের উপর অধিকারবিস্তার; তদ্বং সমগ্র খৃফ্টান জগৎ—হিন্দু, বৌদ্ধ, মুসলমান প্রভৃতি

পারি-প্রদর্শনীতে স্বামীজ্ঞার এই বক্তৃতাদির বিবরণ স্বামীজ্ঞা
 স্বয়ং লিথিয়া 'উলোধনে' পাঠাইয়াছিলেন।

### পারি-প্রদর্শনী

সম্প্রদায়ের প্রতিনিধিবর্গকে উপস্থিত করাইয়া স্বমহিমাকীর্ত্তনের বিশেষ স্থযোগ নিশ্চিত করিয়াছিলেন। কিন্তু
কল অত্যরূপ হওয়ায় খৃষ্টান সম্প্রদায় সর্ববর্ধর্মসমন্বয়ে
একোরে নিরুৎসাহ হইয়াছেন; ক্যাথলিকরা এখন ইহার
বিশেষ বিরোধী। ফ্রান্স ক্যাথলিক প্রধান; অতএব যদিও
কর্ত্তৃপক্ষদের যথেষ্ট বাসনা ছিল, তথাপি সমগ্র ক্যাথলিকক্রগতের বিপক্ষতায় ধর্মসভা করা হইল না।

যে প্রকার মধ্যে মধ্যে Congress of Orientalists অর্থাৎ সংস্কৃত, পালি, আরব্যাদি ভাষাভিক্ত বুধমগুলীর মধ্যে মধ্যে উপবেশন হইয়া থাকে, উহার সহিত খুন্ট-ধর্ম্মের প্রত্নতম্ব যোগ দিয়া পারিতে এ ধর্ম্মেতিহাস-সভা আহূত হয়।

স্বস্থাপ হইতে কেবলমাত্র তুই-তিন জন জাপানী পণ্ডিত আসিয়াছিলেন। ভারতবর্ধ হইতে স্বামী বিবেকানন্দ।

বৈদিক ধর্মা—অগ্নি স্থান্তি প্রাকৃতিক বিসায়াবহ জড়বস্তুর আরাধনা-সম্ভূত, এইটি অনেক পাশ্চান্ত্য সংস্কৃতজ্ঞের মত।

স্বামী বিবেকানন উক্ত মত খণ্ডন করিবার জন্ম পারি ধর্ম্মেতিহাস-সভা কর্তৃক আহূত হইয়াছিলেন এবং তিনি উক্ত বিষয়ে এক প্রবন্ধ পাঠ করিবেন প্রতিশ্রুত ছিলেন। কিন্তু শারীরিক প্রবল অস্তুস্তানিবন্ধন তাঁহার

প্রবন্ধলেবা ঘটিয়া উঠে নাই; কোনওমতে সভায় উপস্থিত হইতে পারিয়াছিলেন মাত্র। উপস্থিত হইলে ইউরোপ-অঞ্চলের সকল সংস্কৃতজ্ঞ পণ্ডিতই তাঁহাকে সাদরে অভ্যর্থনা করিয়াছিলেন; উহারা ইতঃপূর্ব্বেই স্বামিন্ধীর রচিত পুস্তকাদি পাঠ করিয়াছিলেন।

সে সময় উক্ত সভায় ওপর্ট নামক এক জার্মান পণ্ডিত শালগ্রাম-শিলার উৎপত্তি সম্বন্ধে এক প্রবন্ধ পাঠ করেন। তাহাতে তিনি শালগ্রামের উৎপত্তি 'যোনি'-চিহ্ন বলিয়া নির্দ্ধারিত করেন। তাঁহার মতে শিবলিঙ্গ পুংলিজের চিহ্ন এবং তদ্বং শালগ্রাম-শিলা স্ত্রীলিকের চিহ্ন। শিবলিজ এবং শালগ্রাম উভয়ই লিজ-যোনি-পূজার অক্ন।

স্বামী বিবেকানন্দ উক্ত মতগ্বয়ের খণ্ডন করিয়া বলেন যে, শিবলিঙ্গের নরলিঙ্গতা সন্থন্ধে অবিবেক মত প্রসিদ্ধ আছে; কিন্তু শালগ্রাম সন্থন্ধে এ নবীন মত এতি আকস্মিক।

স্বামিজী বলেন যে, শিবলিক্ষ-পূঞ্চার উৎপত্তি অথর্ববেদ-সংহিতার যুপ-স্তম্ভের প্রসিদ্ধ স্থোত্র হইতে। উক্ত স্থোত্রে অনাদি অনস্ত স্তম্ভের অথবা স্কম্ভের বর্ণনা আছে এবং উক্ত স্বস্তই যে একা, তাহাই প্রতিপাদিত হইয়াছে। যে প্রকার যজ্ঞের অগ্নি, শিধা, ধুম, ভস্ম, সোমলতা ও

#### পারি-প্রদর্শনী

ষজ্ঞকাঠের বাহক বৃষ মহাদেবের পিঙ্গল জটা, নীল কণ্ঠ, অঙ্গকান্তি ও বাহনাদিতে পরিণত হইয়াছে, সেই প্রকার যূপস্কস্তও শ্রীশঙ্করে লীন হইয়া মহিমান্তিত হইয়াছে।

অথর্কবেদ-সংহিতায় তদ্ধ যজ্ঞোচ্ছিফেরও ব্রহ্মন্থ-মহিমা প্রতিপাদিত হইয়াছে।

লিঙ্গাদি পুরাণে উক্ত স্তবকেই কথাচ্ছলে বর্ণনা করিয়া মহাস্তম্ভের মহিমা ও শ্রীশঙ্করের প্রাধান্ত ব্যাব্যাত হইয়াছে।

পরে হইতে পারে যে, বৌনাদির প্রাহর্ভাব-কালে বৌনস্ত্প-সমাকৃতি দরিদ্রাপিত ক্ষুদ্রাবয়ব স্মারক স্তৃপও সেই স্তম্ভে অর্পিত হইয়াছে। যে প্রকার অত্যাদি ভারতখণ্ডে কাশ্যাদি তীর্থয়লে অপারগ ব্যক্তি অতি কৃষ্ট্র মন্দিরাকৃতি উৎসর্গ করে, সেই প্রকারে বৌদ্ধেরাও ধনা-ভাবে অতি ক্ষুদ্র স্তৃপাকৃতি শ্রীবুদ্ধের উদ্দেশে অর্পণ করিত।

বৌদ্ধন্ত বেশ্বর অপর নাম ধাতৃগর্জ। স্তৃপমধ্যন্ত শিলাকরণ্ডমধ্যে প্রসিদ্ধ বৌদ্ধ ভিক্ষুদিগের ভন্মাদি রক্ষিত হইত।
তৎসঙ্গে স্বর্ণাদি ধাতুও প্রোধিত হইত। শালগ্রাম-শিলা
উক্ত অন্থিভন্মাদি-রক্ষণ-শিলার প্রাকৃতিক প্রতিরূপ।
অতএব প্রথমে বৌদ্ধ-পৃঞ্জিত হইয়ঃ বৌদ্ধমতের অন্তান্ত
অঙ্গের ন্যায় বৈঞ্চব সম্প্রদায়ে প্রবেশলাভ করিয়াছে।
অপিচ নর্মাদাকূলে ও নেপালে বৌদ্ধপ্রাবল্য দীর্যস্থায়ী

ছিল। প্রাকৃতিক নর্মদেশ্বর শিবলিঙ্গ ও নেপালপ্রসূত শালগ্রামই যে বিশেষ সমাদৃত, ইহাও বিবেচ্য।

শালগ্রাম সম্বন্ধে যৌন-ব্যাখ্যা অতি অশ্রুতপূর্বব এবং প্রথম হইতেই অপ্রাসঙ্গিক; শিবলিঙ্গ সম্বন্ধে যৌন-ব্যাখ্যা ভারতবর্ষে অতি অর্ববাচীন এবং উক্ত বৌদ্ধ সম্প্রদায়ের ঘোর অবনতির সমগ্র সংঘটিত হয়। ঐ সময়ের ঘোর বৌদ্ধতন্ত্রসকল এখনও নেপালে ও তিববতে থুব প্রচলিত।

অগু এক বক্ততা স্বামিজী ভারতীয় ধর্ম্মতের বিস্তার-বিষয়ে দেন। তাহাতে বলা হয় যে, ভারতখণ্ডের বৌদ্ধাদি সমস্ত মতের উৎপত্তি বেদে। সকল মতের বীক্ষ তন্মধ্যে প্রোথিত আছে। ঐ সকল জীবকে বিস্তৃত ও উন্মীলিত করিয়া বৌদ্ধাদি নতের স্থপ্তি। আধুনিক হিন্দুধর্মও ঐ সকলের বিস্তার সমাজের বিস্তার ও সঙ্গোচের সহিত কোথাও অপেকাকৃত সঙ্কুচিত হইয়া বিরাজমান আছে। তৎপরে স্বামিজী শ্রীকৃষ্ণের বুদ্ধপূর্ববর্তির সম্বন্ধে কিছু বলিয়া পাশ্চাত্ত্য পণ্ডিতদের বলেন ষে, যে-প্রকার বিষ্ণু-পুরাণোক্ত রাজকুলাদির ইতিহাস ক্রমশঃ প্রত্তত্ত্ব-উদ্যাটনের সহিত প্রমাণীকৃত হইতেছে, সেই প্রকার ভারতের কিম্বদন্তী সমস্ত সত্য। বুথা প্রবন্ধ-কল্পনা না করিয়া পাশ্চাত্তা পণ্ডিতেরা যেন উক্ত কিম্বদন্তীর রহস্ত-উদ্যাটনের চেফ্টা করেন। পণ্ডিত মোক্ষমূলর এক পুস্তকে

## পারি-প্রদর্শনী

লিখিতেছেন যে, ষতই সৌসাদৃশ্য থাকুক না কেন, যতক্ষণ না ইহা প্রমাণিত হুইবে যে, কোনও গ্রীক্ সংস্কৃতভাষা জানিত, ততক্ষণ প্রমাণ হুইল না ধে, ভারতবর্ষের সাহায্য প্রাচীন গ্রীস প্রাপ্ত হুইয়াছিল। কিন্তু কতক্ষণ পাশ্চান্ত্য পণ্ডিত ভারতীয় জ্যোতিষের কয়েকটি সংজ্ঞা গ্রীক জ্যোতিষের সংজ্ঞার সদৃশ দেখিয়া এবং গ্রীকরা ভারতপ্রান্তে একটি ক্ষুদ্র রাজ্য সংস্থাপন করিয়াছিল অবগত হুইয়া, ভারতের যাবতীয় বিহ্নায় — সাহিত্যে, জ্যোতিষে, গণিতে গ্রীক্সহায়তা দেখিতে পান। শুধু তাহাই নহে, একজন অতিসাহসিক লিখিয়াছেন যে, ভারতের যাবতীয় বিহ্না গ্রীকদের বিহ্নার ছায়া!!

এক, "মেচ্ছা বৈ ষৰনাস্তেষ্ এষা বিভা প্ৰতিষ্ঠিতা। ঋষিবৎ তেহপি পূজ্যস্তে·····"

—এই শ্লোকের উপর পাশ্চান্তোরা কতই না কল্পনা চালাইরাছেন। উক্ত শ্লোকে কি প্রকারে প্রমাণীকৃত হইল যে, আর্য্যেরা শ্লেছের নিকট শিখিয়াছেন। ইহাও বলা যাইতে পারে যে, উক্ত শ্লোকে আর্যাশিয় শ্লেচ্ছদিগকে উৎসাহবান করিবার জন্ম বিগার আদর প্রদর্শিত হইয়াছে।

দ্বিতীয়তঃ, "গৃহে চেং মধু বিদ্যেত, কিমর্থং পর্ববতং ব্রব্ধেং ।" আর্যাদের প্রত্যেক বিভার বীজ বেদে রহিয়াছে এবং উক্ত কোনও বিভার প্রত্যেক সংজ্ঞাই বেদ হইতে

আরম্ভ করিয়া বর্ত্তমান কালের গ্রন্থসকলে পর্য্যস্ত দেখান যাইতে পারে এ অপ্রাসঙ্গিক যবনাধিপত্যের আবশ্য-কতাই নাই।

তৃতীয়তঃ, আর্যা জ্যোতিষের প্রত্যেক গ্রীকসদৃশ শব্দ সংস্কৃত হইতে সহজেই ব্যুৎপন্ন হয়, উপস্থিত ব্যুৎপত্তি ত্যাগ করিয়া যাবনিক ব্যুৎপত্তির গ্রহণে পাশ্চান্ত্য পণ্ডিতদের যে কি অধিকার, ভাহাও বুঝি না।

ঐ প্রকার কালিদাসাদিকবি-প্রণীত নাটকে 'যবনিকা'
শক্তের উল্লেখ দেখিয়া যদি ঐ সময়ের যাবতীয় কাব্যনাটকের উপর যবনাধিপত্য আপত্তি হয়, তাহা হইলে
প্রথমে বিবেচ্য যে, আর্য্যনাটক গ্রীকনাটকের সদৃশ কি
না। য়াহারা উভয় ভাষায় নাটকরচনা-প্রণালী আলোচনা
করিয়াছেন, তাহাদের অবশ্যই বলিতে হইবে যে, ঐ
সৌসাদৃশ্য কেবল প্রবন্ধকারের কল্লনাজগতে, বাস্তবিক
জগতে তাহার কমিন্কাশেও বর্ত্তমানত্ব নাই। সে গ্রীক
কোরস্ কোথায় ? সে গ্রীক যবনিকা নাট্যমঞ্চের একদিকে,
আর্য্যনাটকে তাহার ঠিক বিপরীতে। সে রচনা প্রণালী
এক, আর্য্যনাটকের আর এক।

আর্য্যনাটকের সাদৃশ্য গ্রীক নাটকে আদৌ ত নাই, বরং সেক্সপীয়র-প্রণীত নাটকের সহিত ভূরি-ভূরি সৌসাদৃশ্য আছে।

#### পারি-প্রদর্শনী

অতএব এমনও সিদ্ধান্ত হইতে পারে যে, সেক্স-পীয়র সর্ববিষয়ে কালিদাসাদির নিকট ঋণী এবং সমগ্র পাশ্চান্তা সাহিত্য ভারতের সাহিত্যের ছায়া।

শেষ, পণ্ডিত মোক্ষমূলরের আপত্তি তাঁহারই উপর প্রয়োগ করিয়া ইহাও বলা ষায় যে, যতক্ষণ ইহা না প্রমাণিত হয় যে কোনও হিন্দু কোনও কালে গ্রীক ভাষায় অভিজ্ঞতা লাভ করিয়াছিল, ততক্ষণ ঐ গ্রীক প্রভাবের কথা মুখে আনাও উচিত নয়।

তন্তং আর্য্যভাস্বর্য্যে গ্রীক-প্রাহ্নভাব দর্শনও ভ্রম মাত্র।
স্বামিজী ইহাও বলেন যে, শ্রীকৃষ্ণারাধনা বৃদ্ধাপেক্ষা
অতি প্রাচীন এবং গীতা যদি মহাভারতের সমসাময়িক
না হয় তাহা হইলে তদপেক্ষাও প্রাচীন—নবীন কোনওমতে নহে। গীতার ভাষা, মহাভারতের ভাষা এক।
গীতায় যে-দকল বিশেষণ অধ্যাত্মসম্বন্ধে প্রয়োগ হইয়াছে,
তাহার অনেকগুলিই বনাদি পর্ক্ষে বৈষয়িক সম্বন্ধে প্রযুক্ত।
ঐ সকল শব্দের প্রচুর প্রচার না হইলে, এমন ঘটা
অসম্ভব। পুনশ্চ সমস্ত মহাভারতের মত আর গীতার
মত একই এবং গীতা যথন তৎসাময়িক সমস্ত সম্প্রদায়েরই
আলোচনা করিয়াছেন, তথন বৌদ্ধদের উল্লেখমাত্রও
কেন করেন নাই ?

বুদ্ধের পরবর্ত্তী যে-কোনও গ্রন্থে বিশেষ চেফা করিয়াও

বোন্ধোল্লেখ নিবারিত হইতেছে না। কথা, গল্প, ইতিহাস বা কটাক্ষের মধ্যে কোথাও না কোথাও বৌদ্ধনতের বা বুদ্ধের উল্লেখ প্রকাশ্য বা লুকায়িতভাবে রহিয়াছে— গীতার মধ্যে কে সে প্রকার দেখাইতে পারেন ? পুনশ্চ গীতা ধর্ম্মমন্বয়গ্রন্থ, সে গ্রন্থে কোনও মতের অনাদর নাই, সে গ্রন্থকারের সাদর বচনে এক বৌদ্ধ মতই বা কেন বঞ্চিত হইলেন, ইহার কারণ-প্রদর্শনের ভার কাহার উপর ?

উপেক্ষা—গীতায় কাহাকেও নাই। তয় ? —তাহারও একান্ত অভাব। যে ভগবান্ বেদপ্রচারক হইয়াও বৈদিক হঠকারিতার উপর কঠিন ভাষাপ্রয়োগেও কুঠিত নহেন, তাহার বৌদ্ধমতের আবার কি তয় ?

পাশ্চান্তা পণ্ডিতেরা যে প্রকার গ্রীক ভাষার এক এক গ্রন্থের উপর সমস্ত জীবন দেন, সেই প্রকার এক এক প্রাচীন সংস্কৃত গ্রন্থের উপর জীবন উৎসর্গ করুন; অনেক আলোক জগতে আসিবে। বিশেষতঃ, এ মহাভারত ভারতেতিহাসের অমূল্য গ্রন্থ। ইহা অত্যুক্তি নহে ষে, এ পর্যান্ত উক্ত সর্ববপ্রধান গ্রন্থ পাশ্চান্তা জগতে উত্তমরূপে অধীতই হয় নাই।

বক্তৃতার পর অনেকেই মতামত প্রকাশ করেন। অনেকেই বলিলেন, সামিজী যাহা বলিতেছেন, তাহার

## পারি-প্রদর্শনী

অধিকাংশই আমাদের সম্মত এবং স্বামিজীকে আমরা বলি যে, সংস্কৃতপ্রত্নতন্তের আর সে দিন নাই। এখন নবীন সংস্কৃতক্ত সম্প্রদায়ের মত অধিকাংশই স্বামিজীর সদৃশ এবং ভারতের কিম্বদন্তী পুরাণাদিতে যে বাস্তব ইতিহাস রহিয়াছে, তাহাও আমরা বিশাস করি।

অন্তে, বৃদ্ধ সভাপতি মহাশার অন্য সকল বিষয়
অনুমোদন করিয়া এক গীতার মহাভারত-সমসাময়িকত্বে
বৈধ মত অবলম্বন করিলেন। কিন্তু প্রমাণ-প্রয়োগ এইমাত্র করিলেন যে, অধিকাংশ পাশ্চাত্য পণ্ডিতের মতে গীতা
মহাভারতের অক্ত নহে।

অধিবেশনের লিপিপুস্তকে উক্ত বক্তৃতার সারাংশ ফরাসী ভাষায় মুদ্রিত হইবে।

(5)

ঠাকুর-দর্শনে এক ব্যক্তি আদিয়া উপস্থিত। দর্শন-লাভে তাহার মথেষ্ট গ্রীতি ও ভক্তির উদয় হইল। তখন দে বুঝি আদানপ্রদান-সামঞ্জ করিবার জন্ম গীত আরম্ভ করিল। দালানের এক কোণে থাম হেলান দিয়া চোবেজী ঝিমাইতেছিলেন চোবেজী মন্দিরের পূজারী, পাহলওয়ান, সেতারী—হুই লোটা ভাঙ্ হুবেলা উদরস্থ করিতে বিশেষ পটু এবং অগ্রান্য আরও অনেক-সদগুণশালী। সহসা একটা বিকট নিনাদ চোবেজীর কর্নপট্ট প্রবলবেণে ভেদ করিতে উগ্রত হওয়ায় সন্ধিদা-সমুৎপন্ন বিচিত্র জগৎ ক্ষণকালের জন্ম চোবেজীর বিয়াল্লিশ देकि विभाग वक्ष्या 'উত্থায় कि नीग्रस्त रहेन! তরুণ-অরুণ-কিরণ-বর্ণ চুলু চুলু হুটি নয়ন ইতস্ততঃ বিক্লেপ করিয়া মনশ্চাঞ্চল্যের কারণানুসন্ধায়ী চোবেজী আবিজার করিলেন যে, এক ব্যক্তি ঠাক্রজীর সাম্নে আপনভাবে আপনি বিভোর হইয়া কর্মবাড়ীর কড়া-মাজার হায় মর্দ্মস্পর্শী স্বরে নারদ, ভরত, হুমুমান, নায়ক-কলাবত-গুপ্তির সপিণ্ডীকরণ করিতেছে। সম্বিদানন্দ-উপভোগের

প্রত্যক্ষ বিদ্নসরূপ পুরুষকে মর্দ্মাহত চোবেজী তীত্রবিরক্তিব্যপ্তক্ষরে জিজ্ঞাসা করিতেছেন—"বলি বাপু হে, ও
বেস্কর বেতাল কি চীৎকার কর্ছ !" ক্ষিপ্র উত্তর
এলো—"স্তর-তানের আমার আবশ্যক কি হে ! আমি
ঠাকুরজীর মন ভিজুচি।" চোবেজী—"হুঁ, ঠাকুরজী
এমনই আহাত্মক কি না ! পাগল তুই—আমাকেই ভিজুতে
পারিস্ নি—ঠাকুর কি আমার চেয়ে বেশী মূর্থ !"

ভগবান্ অর্জ্জুনকে বলেছেন - তুমি আমার শরণ লও,
আর কিছু কর্বার দরকার নাই, আমি তোমায় উদ্ধার
করব। ভোলাচাঁদ তাই লোকের কাছে শুনে মহাখুসী;
থেকে থেকে বিকট চীৎকার—আমি প্রভুর শরণাগত,
আমার আবার ভয় কি? আমায় কি আর কিছু কর্তে
হবে ? ভোলাচাঁদের ধারণা – ঐ কথাগুলি খুব বিট্কেল
আওয়াজে বারন্ধার বল্তে পার্লেই যথেষ্ট ভক্তি হয়,
আবার তার ওপর মাঝে মাঝে পূর্বের্নাক্ত ম্বরে জানানও
আছে যে, তিনি সদাই প্রভুর জন্ম প্রাণ প্র্যান্ত দিতে
প্রস্তত। এ ভক্তির ডোরে যদি প্রভু ম্বয়ং না বাধা
পড়েন, তবে সবই মিধ্যা। পার্যান্ত হচারটা আহাত্মকণ্ড

তাই ঠাওরায় কিন্তু ভোলাচাঁদ প্রভুর জন্ম একটিও হুফীমি ছাড়তে প্রস্তুত নন্। বলি, ঠাকুরজী কি এমনই আহাম্মক ? এতে যে আমরাই ভুলি নি !!

ভোলাপুরী বেঞ্চায় বেদান্তী—সকল কথাতেই তাঁর বিশাস্বসম্বন্ধে পরিচয়টুকু দেওয়া আছে। ভোলাপুরীর চারি-দিকে ষদি লোকগুলো অন্নাভাবে হাহাকার করে— তাঁকে স্পর্শন্ত করে না; তিনি স্থপন্নংথের অসারতা বুঝিয়ে দেন। যদি রোগে শোকে অনাহারে লোকগুলো মরে ঢিপি হয়ে যায়, তাতেই বা তার কি? তিনি অমনি আত্মার অবিনশ্বরত চিন্তা করেন! তাঁর সাম্নে বলবান্ তুৰ্ববলকে যদি মেরেও ফেলে, ভোলাপুরী "আত্মা মরেনও না, মারেনও না"—এই শ্রুতিবাক্যের গভীর অর্থসাগরে ডুবে যান। কোনও প্রকার কর্ম্ম করতে ভোলাপুরী বড়ই নারাজ। পেড়াপীড়ি করলে জবাব দেন (स. शूर्वकाला अमव स्माद अस्मरहम । এक कांग्रगांग्र ষা পড়লে কিন্তু ভোলাপুরীর আত্মৈক্যানুভূতির ঘোর ব্যাঘাত হয়—যধন তাঁর ভিক্ষার পরিপাটিতে কিঞ্চিং গোল হয় বা গৃহস্থ তাঁর আকাওক্ষানুষায়ী পূজা দিতে

নারাজ হন, তখন পুরীজীর মতে গৃহস্থের মত ধ্বন্য জীব জগতে আর কেহই থাকে না এবং ষে গ্রাম তাঁহার সম্চিত পূজা দিলে না, সে গ্রাম ষে কেন মুহূর্ত্তমাত্রও ধর্নীর ভারবৃদ্ধি করে, এই ভাবিয়া তিনি আকুল হন।

ইনিও ঠাকুরজীকে আমাদের চেয়ে আহাম্মক ঠাওরেছেন।

বলি, রামচরণ ! তুমি লেখাপড়া শিখিলে না, ব্যবসাবাণিজ্যেরও সক্ষতি নাই, শারীরিক শ্রমও তোমাদারা সম্ভব
নহে, তার ওপর নেশা-ভাঙ এবং হুফ্টামিগুলাও ছাড়তে
পার না, কি করে জীবিকা কর বল দেখি १३ রামচরণ
—"সে সোজা কথা, মশায়—আমি সকলকে উপদেশ
করি।"

রামচরণ ঠাকুরজীকে কি ঠাওরেছেন ?

### (2)

লক্ষোসহরে মহরমের ভারি ধুম! বড় মসজেদ ইমামবারায় জাঁকজমক রোশনির বাহার দেখে কে!

বেন্থমার লোকের সমাগম। হিন্দু, মুসলমান, কেরাণী, য়াহুদী, ছত্রিশ বর্ণের স্ত্রী-পুরুষ বালক-বালিকা, ছত্রিশ বর্ণের হাজারো জাতের লোকের ভিড় আজ মহর্ম দেখতে। লক্ষ্ণে সিয়াদের রাজধানী আজ হজরত ইমাম্ হাঁদেন-হোঁদেনের নামে আর্ত্তনাদ গগন স্পূর্শ কর্ছে—সে ছাতিকাটান মর্সিয়ার কাতরাণি কার বা হৃদয় ভেদ না করে ? হাজার বৎসরের প্রাচীন কারবালার কথা আজ ফের জীবন্ত হয়ে উঠেছে। এ দর্শকরুনের ভিড়ের মধ্যে দূর গ্রাম হইতে চুই ভদ্র রাজপুত তামাসা দেখতে হাজির। ঠাকুর-সাহেবদের ত্যেমন পাড়াগেঁয়ে জমীদারের হয়ে পাকে—বিভাস্থানে ভয়েবচ। সে খোসল-মানি সভ্যতা, কাফ্-গাফের বিশুক উচ্চারণসমেত লক্ষরী জবানের পুষ্পার্তি, আবা কাবা চুস্ত, পায়জামা তাজ মোড়াসার রঙ্গ-বেরঙ্গ সহরপসন্দ ঢঙ্গ অতদূর গ্রামে গিয়ে ঠাকুর-সাহেবদের স্পর্শ করতে আজও পারে নি। কাজেই ঠাকুররা সরল-সিধে, সর্ববদা শিকার করে জ্যামরদ কড়াজান্ আর বেজায় মজবুত দিল্।

ঠাকুরন্বয় ত ফটক পার হয়ে মসজেদমধ্যে প্রবেশোগ্রত, এমন সময় সিপাহী নিষেধ করলে। কারণ জিজ্ঞাসা করায় জবাব দিলে যে, এই যে দ্বারপার্যে মুরদ্ থাড়া দেখ্ছ, ওকে আগে পাঁচ জুতা মার, তবে ভিতরে যেতে

পাবে। মূর্ত্তিটি কারণ জবাব এলো—ও মহাপাপী ইয়েজিদের মূর্ত্তি। ও হাজার বংসর আগে হজরং হাঁসেন হোঁসেনকে মেরে ফেলে, তাই আজ এ রোদন, শোক-প্রকাশ। প্রহরী ভাবলে এ বিস্তৃত ব্যাখ্যার পর ইয়েজিদমূর্ত্তি পাঁচ জুতার জায়গায় দশ ত নিশ্চিত খাবে। কি কর্ম্মের বিচিত্র গতি! উল্টা সমঝ্লি রাম—ঠাকুরলয় গললগ্রীকৃতবাস ভূমিষ্ঠ হয়ে ইয়েজিদমূর্ত্তির পদতলে কুমড়ো গড়াগড়ি আর গদগদস্বরে স্তৃতি—"ভেতরে ঢুকে আর কাজ কি, অন্ম ঠাকুর আর কি দেখ্ব দি ভল্ বাবা অজিদ্, দেবতা তো তুঁহি হায়, অস্ মারো শারোকো কি অভিতৃক রোবত।" (ধন্ম বাবা ইয়েজিদ্, এমনি মেরেচো শালাদের কি আজও কাঁদছে!!)

সনাতন হিন্দুধর্মের গগনস্পর্শী মন্দির—সে মন্দিরে
নিয়ে যাবার রান্তাই বা কত! আর সেপা নাই বা কি ।
বেদান্তীর নিগুণ ব্রহ্ম হোতে ব্রহ্মা, বিষ্ণু, শিব, শক্তি,
সৃ্য্যিশামা, ইত্রচড়া গণেশ, আর কুচদেবতা বন্ধী, মাকাল
প্রভৃতি নাই কি ? আর বেদ বেদান্ত দর্শন পুরাণ তত্ত্বে
চের মাল আছে, যার এক একটা কণায় ভববন্ধন টুটে
যায়। আর লোকেরই বা ভিড় কি, তেত্রিশ কোটা শোক

সে দিকে দৌড়েছে। আমারও কৌতৃহল হোল, আমিও ছুটুলুম্। কিন্তু গিয়ে দেখি, এ কি কাও! মন্দিরের মধ্যে কেউ যাচেছ না, দোরের পাশে একটা পঞ্চাশ মুণু, একশত হাত, হ-শ পেট, পাঁচ-শ ঠ্যান্সওয়ালা মূৰ্ভি খাড়া। সেইটার পায়ের তলায় সকলেই গড়াগড়ি দিচ্ছে। একজনকে কারণ জিজ্ঞাসা করায় উত্তর পেলুম যে, ওই ভেতরে ষে-সকল ঠাকুরদেবতা, ওদের দূর থেকে একটা গড় বা ছটি ফুল ছুড়ে কেল্লেই যথেন্ট পূজা হয়। আসল পূজা কিন্তু এঁর করা চাই -- যিনি হারদেশে; খার ঐ যে বেদবেদান্ত, দর্শন, পুরাণ, শাস্ত্রদকল দেখ্ছ, ও মধ্যে মধ্যে শুন্লে হানি নাই, কিন্তু পাল্তে হবে এর হুকুম। তখন আবার জিজ্ঞাসা করলুম - তবে এঁ দেবদেবের নাম কি ? উত্তর এলো—এঁর নাম 'লোকাচার।' আমার লক্ষোয়ের ঠাকুরসাহেবের কথা মনে পড়ে গেল, "ভল্ বাবা 'লোকাচার' আস্মারো" ইত্যাদি।

গুড়গুড়ে কৃষ্ণব্যাল ভট্টাচার্য্য – মহাপণ্ডিত, বিশ্ব-ব্রহ্মাণ্ডের খবর তাঁর নবদর্পণে। শরীরটি অস্থিচর্ম্মসার ; বন্ধুরা বলে তপস্থার দাপটে, শত্রুরা বলে অমাভাবে !

আবার হুফেরা বলে, বছরে দেড়কুড়ি ছেলে হলে ঐ রক্ম চেহারাই হয়ে থাকে। যাই হোক্, কৃষ্ণবালি মহাশয় না জানেন এমন জিনিসটিই নাই, বিশেষ টিকি হতে আরম্ভ কোরে নবদার পর্যান্ত বিহ্যৎপ্রবাহ ও চৌম্বক-শক্তির গতাগতিবিষয়ে তিনি সর্ববিজ্ঞ। আর এ রহস্ত-জ্ঞান থাকার দক্তন হুর্গাপূজার বেশ্যাঘার-মৃত্তিকা হোতে মায় কাদা পুনর্বিববাহ, দশ বৎসরের কুমারীর গর্ভাধান পর্য্যন্ত সমস্ত বিষয়ের বৈজ্ঞানিক ব্যাখ্যা কর্তে তিনি অদিতীয়। আবার প্রমাণপ্রয়োগ—সে তো বালকেও বুঝ তে পারে, তিনি এমনি সোজা কোরে দিয়েছেন। বলি, ভারতবর্ষ ছাড়া অন্তত্র ধর্ম হয় না, ভারতের মধ্যে ব্ৰাহ্মণ ছাড়া ধর্ম বুঝ বার আর কেউ অধিকারীই নয়, ব্রাহ্মণের মধ্যে আবার কৃষ্ণব্যালগুপ্তি ছাড়া বাকী সব কিছুই নয়, আবার কৃষ্ণব্যালদের মধ্যে গুড়গুড়ে !!! অতএব গুড়গুড়ে কৃষ্ণব্যাল যা বলেন, তাহাই স্বতঃপ্রমাণ। মেলা লেখাপড়ার চর্চচা হচ্চে, লোকগুলো একটু চম্চমে হোয়ে উঠ্ছে, সকল জিনিস বুক্তে চায়, চাক্তে চায়, তাই কৃষ্ণব্যাল মহাশয় সকলকে আশাস দিচ্ছেন যে, মাতৈঃ, যে-সকল মুস্কিল মনের মধ্যে উপস্থিত হচ্ছে, আমি তার বৈজ্ঞানিক ব্যাধ্যা কর্ছি, তোমরা বেমন ছিলে তেমনি পাক। নাকে সরষের তেল দিয়ে খুব ঘুমোও। কেবল

আমার বিদায়ের কথাটা ভুলো না। লোকেরা বল্লে—
বাঁচলুম, কি বিপদই এসেছিল বাপু! উঠে বস্তে হবে,
চল্তে ফিরতে হবে, কি আপদ!! "বেঁচে থাক্ কৃষ্ণব্যাল"
বোলে আবার পাশ ফিরে শুলো। হাজার বছরের
অভ্যাস কি ছোটে ? শরীর কর্তে দেবে কেন ? হাজারো
বংসরের মনের গাঁট কি কাটে! তাই না কৃষ্ণব্যালদলের
আদর! "ভলু বাবা 'অভ্যাস' অস্মারো" ইত্যাদি।

# রামকৃষ্ণ ও তাঁহার উক্তি

( সমালোচনা )

অধ্যাপক মোক্ষমূলার পাশ্চাত্ত্য সংস্কৃতজ্ঞদিগের অধি-যে ঋগেদসংহিতা পূর্বের সমগ্র কেহ চক্ষেত্ত দেখিতে পাইত না, ইফ ইণ্ডিয়া কোম্পানির বিপুল ব্যয়ে এবং অধ্যাপকের বহুবর্ষব্যাপী পরিশ্রমে এক্ষণে তাহা অতি স্থন্দররূপে মুদ্রিত হইয়া সাধারণের পাঠ্য। ভারতের দেশ-দেশান্তর হইতে সংগৃহীত হস্তলিপি পুঁথি—তাহারও অধিকাংশ অক্ষরগুলিই বিচিত্র এবং অনেক কথাই অশুন-বিশেষ, মহাপণ্ডিত হইলেও বিদেশীর পক্ষে সেই অক্ষরের শুদ্ধাশুদ্ধি নির্ণয় এবং অতি স্বস্লাক্ষর জটিল ভাষ্মের বিশদ অর্থ বোধগম্য করা কি কঠিন, তাহা আমরা সহজে বুঝিতে পারি না। অধ্যাপক মোক্ষম্লারের জীবনে এই ঋথেদ-মুদ্রণ একটি প্রধান কার্যা। এতদ্ব্যতীত আজীবন প্রাচীন সংস্কৃত-সাহিত্যে তাঁহার বসবাস, জীবন-যাপন ; কিন্তু তাহা বলিয়াই ষে অধ্যাপকের কল্লনার ভারতবর্ধ—বেদ-দোষ-প্রতিধ্বনিত, ষজ্ঞধুমপূর্ণাকাশ, বশিষ্ঠ-বিশামিত্র-জনক-যাজ্ঞ-বন্ধ্যাদি-বহুল, ঘরে ঘরে গার্গী-মৈত্রেয়ী-স্থশোভিত, শ্রোত ও গৃহ্স্ত্তের নিয়মাবলী-পরিচালিত—তাহা নহে। বিজাতি-

বিধন্মি-পদদলিত, লুপ্তাচার, লুপ্তক্রিয়, মিয়মাণ, আধুনিক ভারতের কোন কোণে কি নূতন ঘটনা ঘটিতেছে তাহাও অধ্যাপক সদাজাগরক হইয়া সংবাদ রাখেন। এদেশের অনেক আংগ্লো-ইণ্ডিয়ান, অধ্যাপকের পদ্যুগল কথনও ভারত-মৃত্তিকা-সংলগ্ন হয় নাই বলিয়া ভারতবাসীর বীতি-নীতি আচার ইত্যাদি সম্বন্ধে তাঁহার মতামতে নিতান্ত উপেক্ষা প্রদর্শন করেন। কিন্তু তাঁহাদের জানা উচিত যে আজীবন এদেশে বাস করিলেও অথবা এদেশে জন্মগ্রহণ করিলেও যে-প্রকার সঙ্গ, সেই সামাজিক শ্রেণীর বিশেষ বিবরণ ভিন্ন অন্য শ্রেণীর বিষয়ে আংগ্লো-ইণ্ডিয়ান রাজ-পুরুষকে সম্পূর্ণ অনভিজ্ঞ থাকিতে হয়। বিশেষ, জাতি-বিভাগে বিভক্ত এই বিপুল সমাজে একজাতির পঞ্চে অগ্য জ্বাতির আচারাদি বিশিষ্টরূপে জানাই কত হুরূহ। কিছুদিন হইল কোনও প্রসিদ্ধ আংগ্লো-ইণ্ডিয়ান কর্মচারীর লিখিত 'ভারতাধিবাদ'-নামধেয় পুস্তকে এরূপ এক অধ্যায় দেখিয়াছি ---'দেশীয় পরিবার-রহস্ত'। মনুষ্য-হৃদয়ে রহস্তজ্ঞানেচ্ছা প্রবল বলিয়াই বোধ হয় ঐ অধ্যায় পাঠ করিয়া দেখি যে, আংগ্লো-ইণ্ডিয়ান-দিগ্গজ তাঁহার মেধর মেধরাণী ও মেথ-রাণীর জার-ঘটিত ঘটনা-বিশেষ বর্ণনা করিয়া স্বঞ্জাতিরুন্দের দেশীয়-জীবন-রহস্থ সম্বন্ধে উগ্র কোতৃহল চরিতার্থ করিতে বিশেষ প্রয়াসী এবং ঐ পুস্তকের আংগ্লো-ইণ্ডিয়ান সমাজে

# রামকৃষ্ণ ও তাঁহার উক্তি-

সমাদর দেখিয়া লেখক যে সম্পূর্ণরূপে কৃতার্থ, তাহাও বোধ হয়। 'শিবা বঃ সস্তু পন্থানঃ'—আর বলি কি ? তবে শ্রীভগবান বলিয়াছেন—'সঙ্গাৎ সঞ্জায়তে' ইত্যাদি। যাক্ শ্রপ্রাসঙ্গিক কথা; তবে খ্যাপক মোক্ষমূলারের আধুনিক ভারতবর্ষের, দেশদেশান্তরের রীতিনীতি ওসাময়িক ঘটনা-জ্ঞান দেখিলে আশ্চর্যা হইতে হয়, ইহা আমাদের প্রত্যক্ষ।

বিশেষতঃ ধর্ম্ম-সম্বন্ধে ভারতের কোণায় কি নৃতন তরঙ্গ উঠিতেছে, অধ্যাপক সেগুলি তীক্ষ্ণৃষ্টিতে অবেক্ষণ করেন এবং পাশ্চান্ত্য জগৎ যাহাতে দে বিষয়ে বিজ্ঞপ্ত হয়, তাহারও বিশেষ চেন্টা করেন। দেবেন্দ্রনাথ ঠাকুর ও কেশবচন্দ্র সেন কর্তৃক পরিচালিত ব্রাহ্মসমাজ, স্বামী দয়ানন্দ সরম্বতী-প্রতিষ্ঠিত আর্য্যসমাজ, থিয়সফি সম্প্রদায়. অধ্যাপকের লেখনী-মুখে প্রশংসিত বা নিন্দিত হইয়াছে। স্থপতিষ্ঠিত 'ব্ৰহ্মবাদিন্' ও 'প্ৰবুদ্ধ ভাৱত' নামক পত্ৰন্বন্ন শ্রীরামকুষ্ণের উক্তি ও উপদেশের প্রচার দেখিয়া এবং ব্রাহ্মধর্ম-প্রচারক বাবু প্রতাপচন্দ্র মজুমদার-লিখিত শ্রীরাম-কুষ্ণের বুত্তান্তপাঠে রামকৃষ্ণ-জীবন তাঁহাকে আকর্ষণ করে। ইতোমধ্যে 'ইণ্ডিয়া হাউদের' লাইব্রেরিয়ান টনি শক্ষেদয়-লিখিত 'রামকৃষ্ণচরিত'ও ইংলণ্ডীয় প্রসিদ্ধ মাদিক পত্রিকায়<sup>3</sup> মুদ্রিত হয়। মান্দ্রাজ ও কলিকাতা হইতে অনেক

Asiatic Quarterly Review

বিবরণ সংগ্রহ করিয়া অধ্যাপক 'নাইন্টিন্থ সেঞ্জুরি' নামক ইংরাজী ভায়ার সর্বব্রেষ্ঠ মাসিক পত্রিকায় শ্রীরামকৃঞ্চের জীবন ও উপদেশ সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করেন। তাহাতে ব্যক্ত করিয়াছেন ষে, বহু শতাব্দী যাবৎ পূর্বব মনীষিগণের ও আধুনিক কালে পাশ্চাত্তা বিহৃদ্বর্গের প্রতিধ্বনিমাত্রকারী ভারতবর্ধে নৃতন ভাষায় নৃতন মহাশক্তি পরিপূরিত করিয়া নৃতন ভাবসম্পাতকারী নৃতন মহাপুরুষ সহজেই তাঁহার চিত্রাকর্ষণ করিলেন। পূর্ববতন ঋষি-মুনি-মহাপুরুষদিগের কথা তিনি শাব্রপাঠে বিলক্ষণই অবগত ছিলেন; তবে এ যুগে, এ ভারতে আবার তাহা হওয়া কি সম্ভব ? রামকৃষ্ণ-জীবনী এ প্রশ্নের যেন মীমাংসা করিয়া দিল। আর ভারতগতপ্রাণ মহাত্মার ভারতের ভাবী মঙ্গলের ভাবী উন্নতির আশালতার মূলে বারিসেচন করিয়া নৃতন প্রাণ সঞ্চার করিল।

পাশ্চান্ত্য জগতে কতকগুলি মহাত্মা আছেন, যাঁহারা নিশ্চিত ভারতের কল্যাণাকাজ্জী। কিন্তু মোক্ষমূলারের অপেক্ষা ভারতহিতৈষী ইউরোপখণ্ডে আছেন কি না জানি না। মোক্ষমূলার যে শুধু ভারতহিতৈষী তাহা নহেন— ভারতের দর্শন-শাস্ত্রে, ভারতের ধর্ম্মে তাঁহার বিশেষ আস্থা; অদৈতবাদ যে ধর্ম্মরাজ্যের শ্রেষ্ঠতম আবিক্রিয়া, তাহা অধ্যাপক সর্বসমক্ষে বারংবার স্বীকার করিয়াছেন।

# রামকৃষ্ণ ও তাঁহার উক্তি.

যে সংসারবাদ দেহাত্মবাদী খ্রীষ্টীয়ানের বিভীষিকাপ্রাদ, তাহাও তিনি স্বীয় অনুভূতিসিদ্ধ বলিয়া দৃঢ়রূপে বিশ্বাস করেন; এমন কি, বোধ হয় যে ইতঃপূর্ব-জন্ম তাঁহার ভারতেই ছিল, ইহাই তাঁহার ধারণা এবং পাছে ভারতে আসিলে তাঁহার বৃদ্ধ শরীর সহসা-সম্পন্থিত পূর্বব স্মৃতি-রাশির প্রবল বেগ সহু করিতে না পারে, এই ভয়ই অধুনা ভারতাগমনের প্রধান প্রতিবন্ধক। তবে গৃহস্থ মামুষ, যিনিই হউন, সকল দিক্ বঞ্জায় রাখিয়া চলিতে হয়। যথন সর্ববত্যাগী উদাসীনকে অতি বিশুক্ত জানিয়াও লোকনিন্দিত আচারের অনুষ্ঠানে কম্পিতকলেবর দেখা যায়, 'শূকরীবিষ্ঠা' মুখে বলিয়াও যখন 'প্রতিষ্ঠার' লোভ, অপ্রতিষ্ঠার ভয় মহা উগ্রতাপদেরও কার্যাপ্রণালীর পরি-চালক, তখন সৰ্ববদা লোকসংগ্ৰহেচ্ছু বহুলোকপূজ্য গৃহস্থের যে অতি সাবধানে নিজের মনোগত ভাব প্রকাশ করিতে হইবে, ইহাতে কি বিচিত্ৰতা? যোগশক্তি ইত্যাদি গৃঢ বিষয় সম্বন্ধেও যে অধ্যাপক একেবারে অবিশাসী, তাহাও बर्ग ।

"দার্শনিকপূর্ণ ভারত-ভূমিতে যে-সকল ধর্ম্মতরঙ্গ উঠিতেছে" তাহাদের কিঞ্চিৎ বিবরণ মোক্ষমূলার প্রকাশ করেন, কিন্তু আক্ষেপের বিষয় অনেকে "উহার মর্ম্ম বুঝিতে অত্যন্ত ভ্রমে পড়িয়াছেন এবং অত্যন্ত অয়থা বর্ণন করিয়াছেন " ইহার প্রতিবিধানের জন্ম এবং " 'এসোটেরিক বৌদ্ধমত', 'থিয়সফি' প্রভৃতি বিজাতীয় নামের পশ্চাতে ভারতবাসী সাধুসন্ন্যাদীদের অলৌকিক ক্রিয়াপূর্ণ অদ্ভূত যে-সকল উপগ্রাদ ইংলণ্ড ও আমেরিকার সংবাদপত্রসমূহে উপস্থিত ইইতেছে, তাহার মধ্যে কিঞ্চি সত্য আছে", ' ইহা দেখাইবার জন্ম অর্থাৎ ভারতবর্ষ ষে কেবল পঞ্চিজাতির ন্যায় আকাশে উড্ডীয়মান, পদভরে জলসঞ্চরণকারী, মৎস্থানুকারী জলজীবী, মন্ত্র-ছিটা-क्याँ । स्यार्ग (दार्गापनम्बन्धारी, जिक्रिवत्न धनी मिर्गत বংশরক্ষক, স্থবর্ণাদি-স্প্রিকারী সাধুগণের নিবাস-ভূমি, তাহা নতে; কিন্তু প্রকৃত অধ্যাত্মতব্বিৎ, প্রকৃত ব্রহ্মবিৎ, প্রকৃত যোগী, প্রকৃত ভক্ত যে ঐ দেশে একেবারে বিরল নছেন 'এবং সমগ্র ভারতবাসী যে এখনও এতদূর পশুভাব প্রাপ্ত হন নাই যে. শেষোক্ত নরদেবগণকে ছাড়িয়া পূর্বেবাক্ত বাজিকরগণের পদলেহন করিতে আপামর-সাধারণ দিবা-নিশি ব্যস্ত, ইহাই ইউরোপীয় মনীষিগণকে জানাইবার <del>জ্যু ১৮৯৬ খ্রীফ্টাব্দের আগফ্টসংখ্যক 'নাইন্টিস্থ সেঞ্বুনী'</del> নামক পত্রিকায় অধ্যাপক মোক্ষমূলার 'প্রকৃত মহাত্মা'-শীর্ষক প্রবন্ধে শ্রীরামকৃষ্ণ-চরিতের অবতারণা করেন।

<sup>&#</sup>x27;The Life and Sayings of Ramakrishna' by Prof. Max Muller, pp. 1 and 2.

## রামকৃষ্ণ ও তাঁহার উক্তি

ইউরোপ ও আমেরিকার বুধমণ্ডলী অতি সমাদরে এ প্রবন্ধটি পাঠ করেন এবং উহার বিষয়ীভূত শ্রীরামকৃষ্ণ-দেবের প্রতি অনেকেই আস্থাবান্ হইয়াছেন। আর স্থুফল হইয়াছে কি ?—পাশ্চান্তা সভ্য জাতিরা এই ভারত-वर्ष नद्रभाः मा छा जी, नशाराह, वन पूर्ववक विधवाना इनकादी, শিশুঘাতী, মূর্থ, কাপুরুষ, সর্ববপ্রকার পাপ ও অন্ধতা-পরিপূর্ণ, পশুপ্রায় নরজাতিপূর্ণ বলিয়া ধারণা করিয়া রাবিয়াছিলেন; এই ধারণার প্রধান সহায় পাদরী সাহেব-গণ,—ও বলিতে লঙ্জা হয়. তুঃখ হয়, কতকগুলি আমাদের স্বদেশী। এই দুই দলের প্রবল উছোগে যে একটি অন্ধতামদের জাল পাশ্চাত্তা-দেশনিবাসীদের সম্মুখে বিস্তৃত रुरेग्ना हिन, त्मरें ि भोदत भीदत थे थे थे रुरेग्ना यारेट লাগিল৷ "যে দেশে শ্রীভগবান রামকৃফের স্থায় লোক-গুরুর উদয়, সে দেশ কি বাস্তবিক যে-প্রকার কদাচারপূর্ণ আমরা শুনিয়া আসিতেছি, সেই প্রকার ? অথবা কুচক্রীরা আমাদিগকে এতদিন ভারতের তথ্য সম্বন্ধে মহাভ্রমে পাতিত করিয়া রাখিয়াছিল ?" এ প্রশ্ন স্বতঃই পাশ্চাত্ত্য মনে সমুদিত হইতেছে।

পাশ্চান্ত্য জগতে ভারতীয় ধর্ম্ম-দর্শন-সাহিত্য-সামাজ্যের চক্রবর্ত্তী অধ্যাপক মোক্ষমূলার যথন শ্রীরামকৃঞ্চ-চরিত অতি ভক্তি-প্রবণ হৃদয়ে ইউরোপ ও আমেরিকার অধিবাসী-

দিগের কল্যাণের জন্ম সংক্ষেপে 'নাইন্টিস্থ সেঞ্বী'তে প্রকাশ করিলেন, তখন পূর্ব্বোক্ত তুই সম্প্রদায়ের মধ্যে যে ভীষণ অন্তর্দাহ উপস্থিত হইল, তাহা বলা বাহুল্য।

মিশনরী মহোদয়ের। হিন্দুদেবদেবীর অতি অয়থা বর্ণন করিয়। তাঁহাদের উপাসকদিগের মধ্যে যে যথার্থ ধার্মিক লোক কথন উদ্ভূত হইতে পারে না—এইটি প্রমাণ করিতে প্রাণপণে চেটা করিতেছিলেন; প্রবল বন্থার সমক্ষে তৃণগুচ্ছের ন্থায় তাহা ভাসিয়া গেল আর পূর্বেরাক্ত স্বদেশী সম্প্রদায় শ্রীরামকৃষ্ণের শক্তিসম্প্রসারণরূপ প্রবল অগ্নি নির্বরণ করিবার উপায় চিন্তা করিতে করিতে হতাশ হইয়া পডিয়াছেন। ঐশী শক্তির সমক্ষে জীবের শক্তি কি?

অবশ্য হই দিক হইতেই এক প্রবল আক্রমণ বৃদ্ধ
অধ্যাপকের উপর পতিত হইল। বৃদ্ধ কিন্তু হটিবার নহেন
— এ সংগ্রামে তিনি বহুবার পারোত্তীর্ণ, এবারও হেলায়
উত্তীর্ণ হইয়াছেন এবং ক্ষুদ্র আততায়িগণকে ইলিতে নিরস্ত
করিবার জন্ম এবং উক্ত মহাপুরুষ ও তাঁহার ধর্ম্ম যাহাতে
সর্ব্বসাধারণে জানিতে পারে সেইজন্ম, তাঁহার অপেক্ষাকৃত
সম্পূর্ণ জীবনী ও উপদেশ সংগ্রহপূর্বক 'রামকৃষ্ণ ও তাঁহার
উক্তি' নামক পুস্তক প্রকাশ করিয়া উহার 'রামকৃষ্ণ' নামক
অধ্যায়ে নিম্নলিখিত কথাগুলি বলিয়াছেন ঃ

"উক্ত মহাপুরুষ ইদানীং ইউরোপ ও আমেরিকায়

# রামকৃষ্ণ ও তাঁহার উক্তি

বহুল প্রতিষ্ঠিত হইয়াছেন, তথায় তাঁহার শিয়েরা মহোৎ-সাহে তাঁহার উপদেশ প্রচার করিতেছেন এবং বল ব্যক্তিকে, এমন কি, খ্রীষ্টীগ্নানদের মধ্য হইতেও রামকৃষ্ণমতে আনয়ন করিতেছেন, একথা আমাদের নিকট আশ্চর্যাবৎ এবং কটে বিশাস-যোগ্য. . তথাপি প্রত্যেক মনুয়হদয়ের ধর্ম্মপিপাসা বলবতী, প্রত্যেক হৃদয়ে প্রবল ধর্মাকুধা বিত্ত-মান, যাহা বিলম্বে বা শীঘ্ৰই শাস্ত হইতে চাহে। এই সকল কুধার্ত্ত প্রাণে রামকুফের ধর্ম বাহিরের কোন শাসনাধীনে খাসে না (বলিয়াই অমৃতবৎ গ্রাহ্ম হয়)।... অতএব, त्रामकृष्क्थर्म्याञ्चलात्रीतस्त्र त्य क्षवन मः या यामना स्वित्र পাই, তাহা কিঞ্চিৎ অতিরঞ্জিত যছপি হয়, তথাপি ষে ধর্ম আধুনিক সময়ে এতাদৃশী দিন্ধি লাভ করিয়াছে এবং যাহ। বিস্তৃতির সঙ্গে সঙ্গে আপনাকে সম্পূর্ণ সত্যতার সহিত জগতের সর্ব্বপ্রাচীন ধর্মাও দর্শন বলিয়া ঘোষণা করে এবং যাহার নাম বেদান্ত অর্থাৎ বেদশেষ বা বেদের সর্বেবাচ্চ উদ্দেশ্য, তাহা অস্মদাদির অতি যত্নের সহিত মনঃসংযোগাই।" >

এই পুস্তকের প্রথম অংশে 'মহাত্মা'-পুরুষ, আশ্রম-বিভাগ, সন্ন্যাসী, যোগ, দয়ানন্দ সরস্বতী, পওহারী বাবা,

<sup>&#</sup>x27;The Life and Sayings of Ramakrishna' by Prof. Max Muller, pp. 10 and 11.

দেবেন্দ্রনাথ ঠাকুর, রাধাধামী সম্প্রদায়ের নেতা রায় শালিগ্রাম সাহেব বাহাহুর প্রভৃতির উল্লেখ করিয়া শ্রীরামকৃষ্ণ-জীবনীর অবতারণা করা হইয়াছে।

অধ্যাপকের বড়ই ভয়, পাছে সকল ঐতিহাসিক ঘটনা সম্বন্ধে যে দোষ আপনা হইতেই আসে—অনুরাগ বা বিব্নাগাধিকো অতিরঞ্জিত হওয়া—সেই দোষ এ জীবনীতে প্রবেশ করে। তজ্জন্ম ঘটনাবলী-সংগ্রহে তাঁহার বিশেষ সাবধানতা। বর্ত্তমান লেখক শ্রীরামকৃষ্ণের ক্ষুদ্র দাস-তৎসঙ্গলিত রামকৃষ্ণ-জীবনীর উপাদান যে অধ্যাপকের যুক্তি ও বুদ্ধি-উত্থলে বিশেষ কুট্টিত হইলেও ভক্তির আগ্রহে কিঞ্চিৎ অতিরঞ্জিত হওয়া সম্ভব, তাহাও বলিতে মোক্ষমূলার ভুলেন নাই এবং প্রাক্ষাধর্ম-প্রচারক শ্রীযুক্ত বাবু প্রতাপচন্দ্র মজুমদার প্রমুখ ব্যক্তিগণ শ্রীরাম-কৃষ্ণের দোষোদেযাষণ করিয়া অধ্যাপক্ষে যাহা কিছু লিখিয়াছেন, তাহার প্রত্যুত্তরমুখে হুই-চারিটি কঠোর-মধুর কথা যাহা বলিয়াছেন, তাহাও পরশ্রীকাতর ও ঈধ্যাপূর্ণ বাঙ্গালীর বিশেষ মনোধোগের বিষয়, সন্দেহ নাই।

শ্রীরামকৃষ্ণ-কথা অতি সংক্ষেপে সরল ভাষায় পুস্তক-মধ্যে অবস্থিত। এ জীবনীতে সভয় ঐতিহাসিকের প্রত্যেক কথাটি ষেন ওজন করিয়া লেখা—'প্রকৃত মহাত্মা' নামক প্রবন্ধে যে অগ্নিস্ফুলিঙ্গ মধ্যে মধ্যে দেখা যায়,

# রামকৃষ্ণ ও তাঁহার উক্তি

এবার তাহা অতি যত্নে আবরিত। একদিকে মিশনরী, অন্যদিকে রাক্ষ-কোলাহল—এ উভয় আপদের মধ্য দিয়া অধ্যাপকের নৌকা চলিয়াছে। 'প্রকৃত মহাত্মা' উভয় পক্ষ হইতে বহু ভর্ৎ সনা, বহু কঠোর বাণী অধ্যাপকের উপর আনে; আনন্দের বিষয়—তাহার প্রভ্যুত্তরের চেফাও নাই, ইতরতা নাই, আর গালাগালি সভ্য ইংলণ্ডের ভদ্র-লেখক কখনও করেন না; কিন্তু বর্ষীয়ান্ মহাপণ্ডিতের উপযুক্ত ধীর-গন্তীর, বিদেষ-শৃত্য অথচ বজ্রবৎ দৃঢ়স্বরে মহাপুরুষের অলৌকিক হৃদয়োথিত অমানব ভাবের উপর যে আক্ষেপ হইয়াছিল, তাহা অপসারিত করিয়াছেন।

আক্ষেপগুলি আমাদের বিশ্বয়কর বটে। ব্রাহ্মসমাজের গুরু স্বর্গীয় আচার্য্য ঐকেশবচন্দ্রের শ্রীমুখ হইতে আমরা শুনিয়াছি যে শ্রীরামকুষ্ণের সরল মধুর গ্রাম্য ভাষা অতি অলোকিক পবিত্রতা-বিশিষ্ট; আমরা যাহাকে অশ্লীল বলি, এমন কথার সমাবেশ তাহাতে থাকিলেও তাঁহার অপূর্বে বালবং কামগন্ধ-হীনতার জন্ম ঐসকল শন্দ-প্রয়োগ দোষের না হইয়া ভ্ষণস্বরূপ হইয়াছে। অথচ ইহাই একটি প্রবল আক্ষেপ !!

অপর আক্ষেপ এই ষে, তিনি সন্ন্যাসগ্রহণ করিয়া স্ত্রীর প্রতি নিষ্ঠুর ব্যবহার করিয়াছিলেন। তাহাতে অধ্যাপক উত্তর দিতেছেন বে, তিনি স্ত্রীর অনুমতি লইয়া

সন্ন্যাসত্রত ধারণ করেন এবং যতদিন মর্ত্ত্যধামে ছিলেন, তাঁহার সদৃশী স্ত্রী, পতিকে গুরুভাবে গ্রহণ করিয়া স্কেছার পরমানন্দে তাঁহার উপদেশ-অনুসারে আকুমার ত্রহ্মচারিণী-রূপে ভগবৎসেবায় নিযুক্তা ছিলেন। আরও বলেন যে, শরীরসম্বন্ধ না হইলে কি বিবাহে এতই অস্থাঃ "আর শরীরসম্বন্ধ না রাখিয়া ত্রহ্মচারিণী পত্নীকে অমৃতস্বরূপ ব্রহ্মানন্দের ভাগিনী করিয়া ব্রহ্মচারী পতি যে প্রম পবিত্রভাবে জীবন অতিবাহিত করিতে পারেন, এ বিষয়ে উক্ত ব্রতধারণকারী ইউরোপনিবাসীরা সফলকাম হয় নাই আমরা মনে করিতে পারি, কিন্তু হিন্দুরা যে অনায়াসে ঐ প্রকার কামজিৎ অবস্থায় কালাতিপাত করিতে পারে, ইহা আমরা বিশাস করি।" অধ্যাপকের মুখে ফুল-চন্দন পড়ুক। তিনি বিজাতি, বিদেশী হইয়া আমাদের একমাত্র ধর্ম্মসহায় ব্রহ্মচর্য্য ব্রবিতে পারেন এবং ভারতবর্ষে যে এখনও বিরল নহে, বিখাস করেন—আর আমাদের ঘরের মহাবীরেরা বিবাহে শরীরসম্বন্ধ বই আর কিছুই দেখিতে পাইতেছেন না!! যাদৃশী ভাবনা যস্ত ইত্যাদি। আবার অভিযোগ এই যে, তিনি বেশ্যাদিগকে অত্যস্ত

আবার অভিযোগ এই যে, তিনি বেশ্যাদিগকে অত্যস্ত ঘুণা করিতেন না। ইহাতে অধ্যাপকের উত্তর বড়ই

<sup>&#</sup>x27;The Life and Sayings of Ramakrishna' by Prof. Max Muller, pp. 65.

## রামকৃষ্ণ ও তাঁহার উক্তি

মধুর; তিনি বলেন, শুধু রামকৃষ্ণ নহেন, অন্তান্য ধর্ম-প্রবর্তকেরাও এ অপরাধে অপরাধী।

আহা। কি মিট্ট কথা—ভগবান বৃদ্ধদেবের ক্পাপাত্রী বেশ্যা অস্বাপালী ও হজরৎ ঈশার দয়াপ্রাপ্তা সামরীয়া নারীর কথা মনে পড়ে। আরও অভিযোগ, মগুপানের উপরও তাঁহার তাদৃশ রুণা ছিল না। হরি। হরি! একটু মদ খেয়েছে বলে সে লোকটার ছায়াও স্পর্শ করা হবে না, এই না অর্থ দারুণ অভিযোগই বটে! মাতাল বেশ্যা, চোর, তৃষ্টদের মহাপুরুষ কেন দূর দূর করিয়া তাড়াইতেন না, আর চক্ষু মুদ্রিত করিয়া ছাঁদি ভাষায় সানাইয়ের পোঁর স্লেরে কেন কথা কহিতেন না। আবার সকলের উপর বড় অভিযোগ—আজন্ম স্ত্রী-সঙ্গ কেন করিলেন না!!!

আক্ষেপকারীদের এই অপূর্বব পবিত্রতা এবং সদাচারের আদর্শে জীবন গড়িতে না পারিলেই ভারত রসাতলে যাইবে। যাক্ রসাতলে, যদি ঐ প্রকার নীতি-সহায়ে উঠিতে হয়।

জীবনী অপেক্ষা উক্তি-সংগ্রহ এ পুস্তকের অধিক স্থান অধিকার করিয়াছে। ঐ উক্তিগুলি ষে সমস্ত পৃথিবীর ইংরাজী-ভাষী পাঠকের মধ্যে অনেক ব্যক্তির চিত্তাকর্ষণ ক্রিতেছে, তাহা পুস্তকের ক্ষিপ্র বিক্রয় দেখিয়াই অনুমিত

হয়। উক্তিগুলি তাঁহার শ্রীমুখের বাণী বলিয়া মহাশক্তিপূর্ণ এবং তজ্জগুই নিশ্চিত সর্ববদেশে আপনাদের
ঐশী শক্তি বিকাশ করিবে। 'বহুজনহিতায় বহুজনস্থায়'
মহাপুরুষগণ অবতীর্ণ হন—তাঁহাদের জন্ম-কর্ম্ম অলোকিক
এবং তাঁহাদের প্রচারকার্য্যও অত্যাশ্চর্য্য।

আর আমরা ৷ যে দরিক্ত বান্ধণকুমার আমাদিগকে সীয় জন্ম দারা পবিত্র, কর্ম্ম দারা উন্নত এবং বাণী দারা রাজজাতিরও প্রীতি-দৃষ্টি আমাদের উপর পাতিত করিয়া-ছেন, আমরা তাঁহার জন্ম করিতেছি কি? সত্য সকল সময়ে মধুর হয় না, কিন্তু সময়বিশেষে তথাপি বলিতে হয় —আমরা কেহ কেহ বুঝিতেছি আমাদের লাভ, কিন্তু ঐ স্থানেই শেষ। ঐ উপদেশ জীবনে পরিণত করিবার চেষ্টা করাও আমাদের অসাধ্য –যে জ্ঞান-ভক্তির মহা-তরঙ্গ শ্রীরামকৃষ্ণ উত্তোলিত করিয়া গিয়াছেন, তাহাতে অঙ্গ বিসর্জন করা ত দূরের কথা। যাঁহারা ব্ঝিয়াছেন এ খেলা, বা বুঝিতে চেষ্টা করিতেছেন, তাঁহাদিগকে বলি যে শুধু বুঝিলে হইবে কি । বোঝার প্রমাণ কার্য্যে। ৰুথে বুঝিয়াছি বা বিখাস করি বলিলেই কি অন্তে বিশ্বাস করিবে : সকল হাদ্গত ভাবই কলানুমেয়; কার্য্যে পরিণত কর—জগৎ দেখুক।

যাঁহার। আপনাদিগকে মহাপণ্ডিত জানিয়া এই মুর্থ,

## রামকৃষ্ণ ও তাঁহার উক্তি

দরিদ্র, পূজারী বান্মণের প্রতি উপেক্ষা প্রদর্শন করেন, তাঁহাদের প্রতি আমাদের নিবেদন এই যে, যে দেশের এক মূর্থ পূজারী সপ্তসমুদ্রপার পর্যান্ত আপনাদের পিতৃপিতামহাগত স্নাত্ন ধর্ম্মের জয়ঘোষণা নিজ শক্তিবলে অত্যন্ন কালেই প্রতিধ্বনিত করিল, সেই দেশের সর্ববেশকমান্ত শূরবীর মহাপণ্ডিত আপনারা—আপনারা ইচ্ছা করিলে আরও কত অন্তত কার্য্য সদেশের, স্বজাতির কল্যাণের জন্ম করিতে পারেন। তবে উঠুন, প্রকাশ হউন, দেখান মহাশক্তির খেলা—আমরা পুত্প-চন্দন-হস্তে আপনাদের পূজার জন্ম দাঁড়াইয়া আছি; আমরা মূর্য, দ্বিক্ত, নগণ্য, বেশমাত্র-জীবী ভিক্ষুক; আপনারা মহারাজ, মহাবল, মহাকুল-প্রসূত, সর্ব-বিগ্রাশ্রয়-অাপনারা উঠুন, অগ্রণী হউন, পথ দেখান, জগতের হিতের জন্ম সর্ববত্যাগ দেখান, আমরা দাসের ভায় পশ্চাদ্গমন করি। আর ধাঁহারা শ্রীরামকৃঞ্চনামের প্রতিষ্ঠা ও প্রভাবে, দাস-জাতিস্থলভ ঈর্য্যা ও দেষে জর্জ্জরিত-কলেবর হইয়া বিনা কারণে বিনা অপরাধে নিদারুণ বৈর-প্রকাশ করিতেছেন, তাঁহাদিগকে বলি যে—হে ভাই, তোমাদের এ চেফ্টা র্থা। যদি এই দিগ্দিগস্তব্যাপী মহাধর্মতর্ক —যাহার শুভ্রশিখরে এই মহাপুরুষমূর্ত্তি বিরাজ করিতেছেন— আমাদের ধন, জন বা প্রতিষ্ঠা-লাভের উল্লোসের ফল

হয়, তাহা হইলে তোমাদের বা অপর কাহারও চেফা করিতে হইবে না, মহামায়ার অপ্রতিহত নিয়মপ্রভাবে অচিরাৎ এ তরঙ্গ মহাজলে অন্তকালের জন্ম লীন হইয়া যাইবে; আর যদি জগদন্বাপরিচালিত মহাপুরুষের নিঃসার্থ প্রেমোচ্ছাসরূপ এই বন্ধা জগৎ উপপ্লাবিত করিতে আরম্ভ করিয়া থাকে, তবে হে কুদ্র মানব, তোমার কি সাধ্য মায়ের শক্তিসঞ্চার রোধ কর ?

# শিবের ভূত ১

জ্মানির এক জেলায় ব্যারণ 'ভ'রেন বাস। অভি-জাতবংশে জাত ব্যারণ 'ক' তরুণ যৌবনে উচ্চপদ, মান, ধন, বিভা এবং বিবিধ গুণের অধিকারী। যুবতী, স্থুন্দরী, বহুধনের অধিকারিণী, উচ্চকুল-প্রসূতা অনেক महिना त्रात्र 'क'रम्ब अनम्रां ज्ञिती। कर्भ, छर्न, মানে, বংশে, বিভায়, বয়সে এমন জামাই পাবার জন্ম কোন্মা-বাপের না অভিলাষ 📍 কুলীনবংশজা এক স্থন্দরী যুবতী যুব। ব্যারণ 'ক'য়ের মনও আকর্ষণ করেছেন, কিন্তু বিবাহের এখনও দেরি। ব্যারণের মান ধন সব থাকুক, এ জগতে আপনার জন নাই, এক ভগ্নী ছাড়া। সে ভগ্নী পরমা সুন্দরী বিচ্ধী। সে ভগ্নী নিজের মনোমত স্থাত্রকে মাল্যদান করবেন। ব্যারণ বহুধনধান্তের সহিত ভগ্নীকে স্থপাত্তে সমর্পণ করবেন—তারপর নিজে বিবাহ করবেন, এই প্রতিজ্ঞা। মা বাপ ভাই সকলের স্নেহ সে ভগ্নীতে; তাঁর বিবাহ না হলে, নিজে বিবাহ করে ১ স্বামীজীর দেহত্যাগের বহুকাল পরে স্বামীজীর ঘরের কাগজপত্র গুহাইবার সময় তাঁহার হাতে লেখা এই অসমাপ্ত গরটি পাওয়া যায়।

শুখী হতে চান না। তার উপর এ পা\*চাত্য দেশের নিয়ম হচ্ছে যে বিবাহের পর বর মা, বাপ, ভগ্নী, ভাই— কারুর সঙ্গে আর বাদ করেন না; তাঁর স্ত্রী তাঁকে নিয়ে স্বতন্ত্র হন। বর, গ্রীর সঙ্গে শুশুরঘরে গিয়া বাদ করা সমাজসম্মত, কিন্তু স্ত্রী স্বামীর পিতামাতার সঙ্গে বাদ কর্ত্তে কখনও আস্তে পারে না। কাজেই নিজের বিবাহ, ভগ্নীর বিবাহ পর্যান্ত স্থািত রয়েছে।

# # #

আজ মাস কতক হলো সে ভগ্নীর কোনও খবর
নাই। দাসদাসীপরিসেবিত নানাভোগের আলয় অট্টালিকা
ছেড়ে—একমাত্র ভাইয়ের অপার মেহবন্ধন তাচ্ছিল্য
করে —সে ভগ্নী অজ্ঞাতভাবে গৃহত্যাগ কোরে কোথায়
গিয়েছে! নানা অনুসন্ধান বিফল। সে শোক ব্যারণ
কি'য়ের বুকে বিদ্ধশূলবং হয়ে রয়েছে। আহার-বিহারে
আর তাঁর আহা নাই—সদাই বিমর্ঘ, সদাই মলিনমুখ।
ভগ্নীর আশা ছেড়ে দিয়ে আত্মীয়জনেরা ব্যারণ 'ক'য়ের
মানসিক স্বাস্থ্যসাধনে বিশেষ যত্ন কর্ত্তে লাগলেন।
আত্মীয়েরা তাঁর জন্ম বিশেষ চিন্তিত —প্রণয়িনী সদাই
সশঙ্ক।

প্যারিসে মহাপ্রদর্শনী। নানাদিদেশাগত গুণিমগুলীর

#### শিবের ভূত

এখন প্যারিসে সমাবেশ—নানাদেশের কারুকার্যা, শিল্প-রচনা প্যারিসে আজ কেন্দ্রীভূত। সে আনন্দতরঙ্গের আঘাতে শোকে জড়ীকুত হৃদয় আবার স্বাভাবিক বেগবান্ স্বাস্থ্য লাভ কর্বে, মন হুঃখচিন্তা ছেড়ে বিবিধ আনন্দজনক চিন্তায় আকৃষ্ট হবে—এই আশায় আত্মীয়দের পরামর্শে বন্ধুবর্গ-সমভিব্যাহারে ব্যার্থ 'ক' প্যারিসে যাত্রা করলেন।

স্বামীজী আমেরিকা ঘাইবার বহুপূর্বে ১২৯৬ সালে অধুনালুপ্ত
'সাহিত্য-কল্পদ্রুম' নামক মাসিকপত্রে 'Imitation of Christ'
নামক জগদিখ্যাত পুস্তকের 'ঈশা-অনুসরণ' নাম দিয়া অনুবাদ
করিতে আরম্ভ করেন। উক্ত পত্রের ১ম ভাগের ১ম হইতে ৫ম
সংখ্যা অবধি ৬৯ পরিচেছ্দটি পর্যান্ত প্রকাশিত হইরাছিল। আমরা
সমুদয় অনুবাদটিই এই গ্রন্থে সরিবেশিত করিলাম। স্ক্রনাটি
স্বামীজীর মৌলিক রচনা।

#### সূচনা

'থ্রীষ্টের অনুসরণ' নামক এই পৃস্তক সমগ্র থ্রীষ্ট-জগতের অতি আদরের ধন। এই মহাপুস্তক কোন 'রোম্যান্ ক্যাথলিক্' দল্লাসীর লিখিত—লিখিত বলিলে ভুল হয় — ইহার প্রত্যেক অক্ষর উক্ত ঈশা-প্রেমে সর্বব্যাগী মহাত্মার হৃদয়ের শোণিতবিন্দৃতে মুদ্ধিত। যে মহাপুক্ষরের জ্বলম্ভ জীবস্ত বাণী আজি চারি শত বংসর কোটি কোটি নরনারীর হৃদয় অভুত মোহিনীশক্তিবলে আকৃষ্ট করিয়ারাখিয়াছে, রাখিতেছে এবং রাখিবে, যিনি আজি প্রতিভা এবং সাধনবলে কত শত সমাটেরও নমস্য হইয়াছেন,

যাঁহার অলোকিক পবিত্রতার নিকটে পরস্পারে সতত
যুধ্যমান অসংখ্য সম্প্রদায়ে বিভক্ত খ্রীফ-সমাজ চিরপুফ
বৈষম্য পরিত্যাগ করিয়া মস্তক অবনত করিয়া রহিয়াছে —
তিনি এ পুস্তকে আপনার নাম দেন নাইন দিবেন
বা কেন ? যিনি সমস্ত পার্থিব ভোগ এবং বিলাসকে,
ইহজগতের সমৃদ্য মান-সম্ভমকে বিষ্ঠার ভায় ত্যাগ
করিয়াছিলেন—তিনি কি সামাভ্য নামের ভিখারী হইতে
পারেন ? পরবর্ত্তী লোকেরা অনুমান করিয়া তিমাস
আ কেম্পিদ্ নামক একজন ক্যাথলিক সন্ন্যাসীকে
গ্রন্থকার স্থির করিয়াছেন, কতদ্র সত্য ঈশ্বর জানেন।
যিনিই হউন, তিনি যে জগতের পূজ্য, তাহাতে আর
সন্দেহ নাই।

এখন আমরা ঐপ্তিয়ান রাজার প্রজা। রাজ-অনুগ্রহে
বহুবিধ নামধারী স্বদেশী বিদেশী ঐপ্তিয়ান দেখিলাম।
দেখিতেছি, যে মিশনরি মহাপুরুষেরা 'অন্ন যাহা আছে
খাও, কল্যকার জন্ম ভাবিও না' প্রচার করিয়া আসিয়াই
আগামী দশ বৎসরের হিসাব এবং সঞ্চয়ে ব্যক্ত—
দেখিতেছি—'গাঁহার মাধা রাখিবার স্থান নাই' তাঁহার
শিয়েরা, তাঁহার প্রচারকেরা বিলাসে মণ্ডিত হইয়া
বিবাহের বর্টি সাজিয়া এক প্রসার মা-বাপ ইইয়া—
ইশার জ্বন্ত ত্যাগ, অন্তুত নিঃস্বার্থতা প্রচার করিতে ব্যস্ত,

কিন্তু প্রকৃত খ্রীষ্টিয়ান দেখিতেছি না। এ অছুত বিলাসী, অতি দান্তিক, মহা অত্যাচারী, বেরুস এবং ব্রুমে চড়া প্রোটেক্ট্যান্ট খ্রীষ্টিয়ান সম্প্রদায় দেখিয়া খ্রীষ্টিয়ান সম্বন্ধে আমাদের যে অতি কুৎসিত ধারণা হইয়াছে, এই পুস্তুক পাঠ করিলে তাহা সম্যকরূপে দূরীভূত হইবে।

"সব্সেয়ান্ কি একমত"—সকল যথার্থ জ্ঞানীরই একপ্রকার মত। পাঠক এই পুস্তক পড়িতে পড়িতে গীতায় ভগবত্বক্ত "সর্ববধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ্ঞ" প্রভৃতি উপদেশের শত শত প্রতিধ্বনি দেখিতে পাইবেন। দীনতা, আর্ত্তি এবং দাস্তভক্তির পরাকাষ্ঠা এই প্রন্থের ছত্রে ছত্রে মুদ্রিত এবং পাঠ করিতে করিতে জ্বন্ত বৈরাগ্য, অত্যত্তুত আত্মসমর্পন এবং নির্ভরের ভাবে হৃদয় উদ্বেলিত হইবে। যাহারা অন্ধ গোঁড়ামীর বশবর্তী হইয়া প্রীপ্রিয়ানের লেখা বলিয়া এ পুস্তকে অশ্রন্ধা করিতে চাহেন, তাহাদিগকে ভায়দর্শনের একটি পুত্র বলিয়া আমরা ক্ষাস্ত হইব—

#### 'আপ্তোপদেশঃ শকঃ'

সিদ্ধপুরুষদিগের উপদেশ প্রামাণ্য এবং তাহারই নাম শব্দপ্রমাণ। এস্থলে ভাষ্যকার ঋষি বাৎস্থায়ন বলিতেছেন যে, এই আপ্ত পুরুষ আর্য্য এবং ফ্রেছ উভয়ত্রই সম্ভব।

যদি 'যবনাচার্য্য' প্রভৃতি গ্রীক জ্যোতিষী পণ্ডিতগণ পুরাকালে আর্য্যদিগের নিকট এতাদৃশ প্রতিষ্ঠালাভ করিয়া গ্রিয়া থাকেন, তাহা হইলে এই ভক্তসিংহের পুস্তক যে এদেশে আদর পাইবে না, তাহা বিশ্বাস হয় না।

যাহা হউক, এই পুস্তকের বঙ্গানুবাদ আমরা পাঠক-গণের সমক্ষে ক্রমে ক্রমে উপস্থিত করিব। আশা করি, রাশি রাশি অসার নভেল-নাটকে বঙ্গের সাধারণ পাঠক যে সময় নিয়োজিত করেন, তাহার শতাংশের একাংশ ইহাতে প্রয়োগ করিবেন।

অনুবাদ যতদ্র সম্ভব অবিকল করিবার চেফা করিয়াছি

কতদ্র কতকার্য্য হইয়াছি বলিতে পারি না। যে

সকল বাক্য 'বাইবেল'-সংক্রান্ত কোন বিষয়ের উল্লেখ করে,
নিম্নে তাহার টীকা প্রদত্ত হইবে।

কিমধিকমিতি।

## প্রথম অধ্যায়

### প্রথম পরিচ্ছেদ

'গ্রীষ্টের অনুসরণ' এবং সংসার ও ধাবতীয় সাংসারিক অন্তঃসারশূত পদার্থে ঘূণা

#

)। প্রভু বলিতেছেন, "যে-কেহ আমার অনুগমন করে, সে অন্ধকারে পদক্ষেপ করিবে না।" '

যগুপি আমরা যথার্থ আলোক প্রাপ্ত হইবার ইচ্ছা করি এবং সকল প্রকার হৃদয়ের অন্ধকার হইতে মুক্ত হইবার বাসনা করি, তাহা হইলে খ্রীটের এই কয়েকটি

১ যোহন, ৮/১২

He that followeth me &c.

দৈবী হোষা গুণমন্ত্রী মম মান্ত্রা হরতারা। মামেব যে প্রপালস্তে মানামেতাং তরস্তি তে ॥

—গীতা, ৭া১৪

আমার সম্বাদিত্রিগুণমন্ত্রী মান্না নিতাস্ত হরতিক্রম্য ; যে-সকল ব্যক্তি কেবল আমারই শ্রণাগত হইন্না ভজনা করে, তাহারাই কেবল এই স্বত্নস্তর মান্না হইতে উত্তীর্ণ হইন্না থাকে।

কথা আমাদের স্মরণ করাইতেছে যে, তাঁহার জীবন ও চরিত্রের অনুকরণ আমাদিগের অবশ্য কর্ত্তব্য।

খতএব ঈশার জীবন মনন করা আমাদের প্রধান কর্ত্তব্য। ১

২। তিনি যে শিক্ষা দিয়াছেন, তাহা অশু সকল মহাত্মাপ্রদত্ত শিক্ষাকে অতিক্রম করে এবং যিনি পবিত্র আত্মার দারা পরিচালিত, তিনি ইহারই মধ্যে লুকায়িত 'মানা' ২ প্রাপ্ত হইবেন।

কিন্তু এ প্রকার অনেক সময়ে হয় যে, অনেকেই
গ্রীষ্টের সুসমাচার বারম্বার শ্রবণ করিয়াও তাহা লাভের
জন্ম কিছুমাত্র আগ্রহ প্রকাশ করে না, কারণ তাহার।
গ্রীষ্টের আগ্রার দ্বারা অনুপ্রাণিত নহে। অতএব ষ্টাপি
তুমি আনন্দহদয়ে এবং সম্পূর্ণভাবে গ্রীষ্ট-বাক্যতত্ত্বে অনু

ধূনি এইপ্রকারে অহনিশ প্রমাত্মার ধ্যান ধারা প্রত প্রথার বন্ধন হইতে মুক্ত হন।

To meditate &c.
 ধ্যাবৈধাঝানমহনিশং মৃনিঃ।
 তিষ্ঠেৎ সদা মৃক্তসমস্তবন্ধনঃ॥—রামগীতা
 মৃনি এইপ্রকারে অহনিশ পর্মাঝার ধ্যান দ্বারা সমস্ত সংসার

২ ইস্রান্ধেলেরা যথন মঙ্গভূমিতে আহারাভাবে কট্ট পাইগ্না-ছিল, সেই সময়ে ঈশ্বর তাহাদের নিমিত্ত একপ্রকার থাত বর্ষণ করেন—তাহার নাম 'মাল্লা'।

প্রবেশ করিতে চাও, তাহা হইলে তাঁহার জীবনের সহিত তোমার জীবনের সম্পূর্ণ সৌসাদৃশ্য-স্থাপনের জন্ম সমধিক যত্নশীল হও।

৩। 'ত্রিহবাদ' সম্বন্ধে ২ গভীর গবেষণায় তোমার কি লাভ হইবে, যদি সেই সমস্ত সময় তোমার নম্রতার অভাব সেই ঐশ্বিক ত্রিহকে অসম্ভট্ট করে গ্

নিশ্চয়ই উচ্চ বাক্যচ্ছটা মনুষ্যকে পবিত্র এবং অকপট করিতে পারে না ; কিন্তু ধার্ম্মিক জীবন তাহাকে ঈশ্বের প্রিয় করে। ৩

But it happens &c.

শ্রুত্বাপ্যোনং বেদ ন চৈব কশ্চিৎ।—গীতা শ্রুবণ করিয়াও অনেকে ইহাকে ধুমিতে পারে না। ন গচ্ছতি বিনা পানং ব্যাধিরৌষধশক্তঃ। বিনাহপরোক্ষান্ত্রবং ব্রহ্মশক্রৈর্ন্মূচ্যতে॥

—বিবেকচুড়ামণি, ৬৪

'ঔষধ' কথাটিতেই ব্যাধি দূর হয় না, অপরোক্ষানুভব ব্যতিরেকে বন্ধ বন্ধ বলিনেই মৃক্তি হইবে না।

শ্রুতেন কিং যো ন চ ধর্মমাচরেৎ।—মহাভারত যদি ধর্ম আচরণ না কর, বেদ পড়িরা কি হুইবে ?

- ২ গ্রীষ্টিগ্নান মতে জনকেশ্বর (পিতা), পবিত্র আত্মা এবং তনপ্লেশ্বর (পুত্র)—ইনি একে তিন, তিনে এক।
  - Surely sublime language &c.

#### লৈশা-অনুসরণ

অনুতাপে হৃদয়শন্য বরং ভোগ করিব—তাহার সর্ব্ব-লক্ষণাক্রান্ত বর্ণনা জানিতে চাহি না

যদি সমগ্র বাইবেল এবং সমস্ত দার্শনিকদিগের মত তোমার জানা থাকে, তাহাতে তোমার কি লাভ হইবে, যদি তুমি ঈশ্বের প্রেম এবং কৃপা-বিহীন হও ? '

"অসার হইতেও অসার, সকলই অসার; সার একমাত্র তাঁহাকে ভালবাসা, সার একমাত্র তাঁহার দেবা।" <sup>২</sup>

বৈত্ন্যং বিত্নাং তন্বছুক্তয়ে ন তু মুক্তয়ে ॥—বিবেকচ্ড়ামণি, ৬০
নানাবিধ বাক্যবিত্যাস এবং শব্দচ্টা যে প্রকার কেবল শান্তব্যাথ্যার
কৌশলমাত্র, সেই প্রকার পণ্ডিতদিগের পাণ্ডিত্যপ্রকর্ম কেবল
ভোগের নিমিত্ত, মুক্তির নিমিত্ত নতে।

কে সন্তি সন্তোহধিলবীতরাগাঃ অপান্তমোহাঃ শিবতব্ নিষ্ঠাঃ॥

(মণিরত্বমালা)—শক্ষরাচার্য্য

যাঁহারা তাবৎ সাংসারিক বিষয়ে আশাশৃত হইয়া একমাত্র শিবতত্ত্ব নিষ্ঠাবান্, ভাঁহারাই সাধু।

वाग्रेवथती मलवती माखवार्यामानरकोमनम्।

১ কোরিন্থিয়ান্, ১৩৷২

২ ইক্লিজিয়াটিক, ১।২—Vanity of vanities, all is vanity &c.

তথনই সর্বেলিচ জ্ঞান তোমার হইবে, যখন তুমি স্বর্গরাজ্য প্রাপ্ত হইবার জন্ম সংসারকে ঘুণা করিবে।

৪। অসারতা - অতএব ধন অস্থেষণ করা এবং দেই নশ্ব পদার্থে বিশ্বাস স্থাপন করা।

অসারতা—অতএব মান অন্বেষণ করা ও উচ্চ পদ-লাভের চেফী করা।

অসারতা—অতএব শারীরিক বাসনার অনুবর্তী হওয়া এবং যাহা অন্তে কঠিন দণ্ড ভোগ করাইবে তাহার জন্ম ব্যাকুল হওয়া।

অসারতা—অত এব জীবনের সদ্মবহারের চেফা না করিয়া দীর্ঘজীবন লাভের ইচ্ছা করা।

অসারতা—অতএব পরকালের সম্বলের চেন্টা না করিয়া কেবল ইহু-জীবনের বিষয় চিন্তা করা।

অসারতা—অতএব যথায় অবিনাশী আনন্দ বিরাজ-মান, দ্রুতবেগে সে স্থানে উপস্থিত হইবার চেফী না ক্রিয়া অতি শীঘ্র বিনাশশীল বস্তুকে ভালবাসা।

 ৫। উপদেশকের এ বাক্য সর্বাদা স্মরণ কর — "চক্ষু দেখিয়া তৃপ্ত হয় না, কর্ণ শ্রবণ করিয়া তৃপ্ত হয় না।" >

পরিদৃশ্যমান পার্থিব পদার্থ হইতে মনের অনুরাগকে উপরত করিয়া অদৃশ্য রাজ্যে হৃদয়ের সম্দয় ভালবাসা

<sup>&</sup>gt; ইক্লিজিয়াষ্টিক্, ১৮৮

প্রতিষ্ঠিত করিতে বিশেষ চেফী কর, যেহেতুক ইন্দ্রিয়-সকলের অনুগমন করিলে তোমার বুদ্ধিরতি কলঙ্কিত হইবে এবং তুমি ঈশরের কৃপা হারাইবে।

## দ্বিতীয় পরিচ্ছেদ

আপনার জ্ঞান সম্বন্ধে হীনভাব

১। সকলেই স্বভাবতঃ জ্ঞানলাভের ইচ্ছা করে; কিন্তু ঈশবে ভয় না থাকিলে সে জ্ঞানে লাভ কি ?

আপনার আত্মার কল্যাণচিস্তা পরিত্যাগ করিয়া যিনি নক্ষত্রমণ্ডলীর গতি-বিধি পর্য্যালোচনা করিতে ব্যস্ত, সেই গর্বিত পণ্ডিত অপেক্ষা কি যে দীন কৃষক বিনীতভাবে ঈশরের সেবা করে, সে নিশ্চয়ই শ্রেষ্ঠ নহে ?

যিনি আপনাকে উত্তমরূপে জানিয়াছেন, তিনিই আপনার চক্ষে আপনি অতি হীন এবং তিনি মনুয়ের

—মহাভারত

কাম্যবস্তুর উপভোগের দ্বারা কামনার নিবৃত্তি হয় না, পরস্তু অগ্নিতে ত্বতপ্রদানের স্থায় অত্যন্ত বর্দ্ধিত হয়।

Strive therefore &c. ন জাতু কামঃ কামানামূপভোগেন শামাতি। হবিষা ক্লফবর্মেব তৃয় এবাভিবর্দ্ধতে॥

প্রশংসাতে অণুমাত্রও আনন্দিত হইতে পারেন না ৷ যদি
আমি জগতের সমস্ত বিষয়ই জানি, কিন্তু আমার নিঃস্বার্থ
সহানুভূতি না থাকে, তাহা হইলে যে ঈশর আমার
কর্মানুসারে আমার বিচার করিবেন, তাঁহার সমক্ষে আমার
জ্ঞান কোন্ উপকারে আসিবে ?

। অত্যন্ত জ্ঞান-লালসাকে পরিত্যাগ কর; কারণ
 তাহা হইতে অত্যন্ত চিত্তবিক্ষেপ ও ভ্রম আগমন করে।

পণ্ডিত হইলেই বিগ্যা প্রকাশ করিতে এবং প্রতিভা-শালী বলিয়া কথিত হইতে বাসনা হয়।

এপ্রকার অনেক বিষয় আছে, যদ্বিষয়ক জ্ঞান আধ্যাত্মিক কোন উপকারে আইসে না এবং তিনি অতি মূর্থ, যিনি—যে-সকল বিষয় তাহার পরিত্রাণের সহায়তা করিবে, তাহা পরিত্যাগ করিয়া—এইসকল বিষয়ে মন নিবিষ্ট করেন।

বহু বাক্যে আত্মা তৃপ্ত হয় না, পরস্তু সাধুজীবন অন্তঃকরণে শাস্তি প্রদান করে এবং পবিত্র বুদ্ধি ঈশ্বরে সমধিক নির্ভির স্থাপিত করে।

০। তোমার জ্ঞান এবং ধারণাশক্তি যে পরিমাণে অধিক, তোমার তত কঠিন বিচার হইবে; যদি সমধিক জ্ঞানের ফলস্বরূপ তোমার জীবনও সমধিক পবিত্র না হয়। অতএব তোমার দক্ষতা এবং বিভার জ্ঞা বহুপ্রশংসিত

হইতে ইচ্ছা করিও না; বরং যে জ্ঞান তোমাকে প্রাদত্ত হইয়াছে, তাহাকে ভয়ের কারণ বলিয়া জান।

যদি এ প্রকার চিন্তা আইনে যে, তুমি বহু বিষয় জান এবং বিলক্ষণ বুঝ, স্মরণ রাধিও যে-সকল বিষয় তুমি জান না, তাহারা সংখ্যায় অনেক অধিক।

জ্ঞানগর্বেব ক্ষীত হইও না; বরং আপনার অজ্ঞতা স্বীকার কর। তোমা অপেক্ষা কত পণ্ডিত রহিয়াছে, ঈশরাদিফ শাস্ত্রজ্ঞানে তোমা অপেক্ষা কত অভিজ্ঞ লোক রহিয়াছে। ইহা দেখিয়াও কেন তুমি অপরের পূর্ববদান অধিকার করিতে চাও গ

যদি নিজ কল্যাণপ্রদ কোন বিষয় জানিতে এবং শিখিতে চাও, জগতের নিকট অপরিচিত এবং অকিঞ্ছিংকর থাকিতে ভালবাস।

৪। আপনাকে আপনি যথার্থরপে জ্বানা অর্থাৎ আপনাকে অতি হীন মনে করা সর্বাপেক্ষা মূল্যবান এবং উৎকৃষ্ট শিক্ষা। আপনাকে নীচ মনে করা এবং অপরকে সর্ববদা শ্রেষ্ঠ মনে করা এবং তাহার মঙ্গলকামনা করাই শ্রেষ্ঠ জ্ঞান ও সম্পূর্ণতার চিহ্ন।

যদি দেখ, কেই প্রকাশ্যরূপে পাপ করিতেছে অথবা কেহ কোন অপরাধ করিতেছে, তথাপি আপনাকে উৎকৃষ্ট বলিয়া জানিও না।

আমাদের সকলেরই পতন হইতে পারে; তথাপি তোমার দৃঢ় ধারণা থাকা উচিত যে, তোমা অপেক্ষা অধিক তুর্বল কেহই নাই।

### তৃতীয় পরিচ্ছেদ

#### সত্যের শিক্ষা

১। সুখী সেই মনুয়া, সাক্ষেতিক চিহ্ন এবং নশ্বর শবদ পরিত্যাগ করিয়া সত্য স্বয়ং ও সম্বরূপে যাহাকে শিক্ষা দেয়।

আমাদিগের মত ও ইন্দ্রিয়দকল ভূয়শঃ আমাদিগকে প্রতারিত করে; কারণ বস্তুর প্রকৃত তত্ত্বে আমাদের দৃষ্টির গতি অল্প।

গুপ্ত গৃঢ় বিষয়সকল ক্রমাগত অনুসদ্ধান করিয়া লাভ কি ? তাহা না জানার জন্ম শেষ বিচারদিনে > আমরা নিন্দিত হইব না।

উপকারক ও আবশ্যক বস্তু পরিত্যাগ করিয়া স্ব-ইচ্ছায় যাহা কেবল কোতূহল উদ্দীপিত করে এবং অপকারক—

औष्टीয় মতে মহাপ্রলয়ের দিনে ঈশর সকলের বিচার করিবেন
 এবং পাপ অথবা পুণ্যায়ুয়ায়ে নরক অথবা স্বর্গ প্রদান করিবেন।

এ প্রকার বিষয়ের অনুসন্ধান করা অতি নির্বেবাধের কার্য্য; চক্ষু থাকিতেও আমরা দেখিতেছি না।

২। স্থায়শান্ত্রীয় পদার্থ-বিচারে আমরা কেন ব্যাপৃত থাকি । তিনিই বহু সন্দেহপূর্ণ তর্ক হইতে মুক্ত হয়েন, সনাতন ৷ বাণী যাঁহাকে উপদেশ করেন।

সেই অন্বিতীয় বানী হইতে সকল পদার্থ বিনিঃস্ত হইয়াছে, সকল পদার্থ তাঁহাকেই নির্দ্দেশ করিতেছে, তিনিই আদি, তিনিই আমাদিগকে উপদেশ করেন।

তাঁহাকে ছাড়িয়া কেহ কিছু বুঝিতে পারে না অথবা কোন বিষয়ে যথার্থ বিচার করিতে পারে না।

তিনিই অচলভাবে প্রতিষ্ঠিত—তিনিই ঈশরে সংস্থিত যাঁ হার উদ্দেশ্য একমাত্র, যিনি সকল পদার্থ এক অদ্বিতীয় কারণে নির্দ্দেশ করেন এবং যিনি এক জ্যোতিঃতে সমস্ত পদার্থ দর্শন করেন।

হে ঈশ্বর, হে সত্য, অনস্ত প্রেমে আমাকে তোশার সহিত একীভূত করিয়া লও।

বহু বিষয় পাঠ এবং শ্রাবণ করিয়া আমি অতি ক্লান্ত হইয়া পড়ি; আমার সকল অভাব, সকল বাসনা তোমাতেই নিহিত।

এই বাণী অনেকটা বৈদাস্তিকদিগের 'মায়া'র য়ায় । ইনিই
 ঈশারূপে অবতার হন ।

আচাৰ্য্যসকল নিৰ্ববাক হউক, জগৎ তোমার সমক্ষে স্তব্ধ হউক; প্ৰভো, কেবল তুমি বল।

৩। মানুষের মন যতই সংযত এবং অস্তঃপ্রদেশ হইতে সরল হয়, ততই সে গভীর বিষয়সকলে অতি সহজে প্রবেশ করিতে পারে; কারণ তাহার মন আলোক পায়।

ষে ব্যক্তি ঈশবের মাহাত্ম-প্রকাশের জন্ম সকল কার্য্য করে, আপনার সম্বন্ধে কার্যাহীন থাকে এবং সকল প্রকার স্বার্থাশ্ন্ম হয়, সেই প্রকার পবিত্র, সরল ও অটল ব্যক্তি বহু কার্য্য করিতে হইলেও আকুল হইয়া পড়ে না। হৃদয়ের অনুমা্লিত আসক্তি অপেক্ষা কোন্ পদার্থ তোমায় অধিকতর বিরক্ত করে বা বাধা দেয় ?

ঈশারানুরাগী সাধু বাক্তি অগ্রে আপনার মনে যে-সকল বাহিরের কর্ত্তব্য করিতে হইবে তাহা নিজেফ করিয়া লন, সেই সকল কার্য্য করিতে তিনি কখনও বিকৃত আসক্তি-জনিত ইচ্ছা দ্বারা পরিচালিত হন না; পরস্ত সম্যক্ বিচার দ্বারা আপনার কার্য্যসকলকে নিয়মিত করেন।

আত্মজয়ের জন্ম যিনি চেফা করিতেছেন, তদপেক্ষা কঠিনতর সংগ্রাম কে করে ?

আপনাকে আপনি জয় করা, দিন দিন আপনার উপর আধিপত্য বিস্তার করা এবং ধর্ম্মে বর্দ্ধিত হওয়া— ইহাই আমাদিগের একমাত্র কর্ত্তব্য।

৪। এ জগতে সকল পূর্ণতার মধ্যেই অপূর্ণতা আছে এবং আমাদিগের কোন তথান্তুসন্ধানই একেবারে সন্দেহ-রহিত হয় না।

গভীর বৈজ্ঞানিক তন্তানুসন্ধান অপেক্ষা আপনাকে অকিঞ্চিৎকর বলিয়াজ্ঞান করা ঈশরপ্রাপ্তির নিশ্চিত প্রথ।

কিন্তু বিগ্রা গুণমাত্র বলিয়া অথবা কোন বিষয়ের জ্ঞানদায়ক বলিয়া বিবেচিত হইলে, নিন্দিত নহে; কারণ উহা কল্যাণপ্রদ ও ঈশ্বাদিষ্ট।

কিন্তু ইহাই বলা হইতেছে যে, সদ্বুদ্ধি এবং সাধুজীবন বিভা অপেক্ষা প্রার্থনীয়।

অনেকেই সাধু হওয়া অপেক্ষা বিদ্যান হইতে অধিক যত্ন করে; তাহার কল এই হয় যে, অনেক সময় তাহারা কুপথে বিচরণ করে এবং তাহাদের পরিশ্রম অত্যল্ল কল উৎপাদন করে অথবা নিক্ষল হয়।

৫। অহো! সন্দেহ উত্থাপিত করিতে মান্ত্র্য যে প্রকার যত্ননীল, পাপ উন্মৃলিত করিতে ও পূণ্য রোপণ করিতে যদি সেই প্রকার হইত, তাহা হইলে পৃথিবীতে এবম্প্রকার অমঙ্গল ও পাপকার্য্যের বিবরণ থাকিত না এবং ধার্ম্মিকদিগের মধ্যে এতাদৃশী উচ্চ্ছালতা থাকিত না।

নিশ্চিত শেষ বিচারদিনে কি পড়িয়াছি তাহা জিজ্ঞাসিত হইবে না; কি করিয়াছি তাহাই জিজ্ঞাসিত

হইবে। কি পটুতাসহকারে বাক্যবিন্যাস করিয়াছি, তাহা জিজ্ঞাসিত হইবে না; ধর্ম্মে কতদূর জীবন কাটাইয়াছি, ইহাই জিজ্ঞাসিত হইবে।

যাঁহাদের সহিত জীবদ্দশায় তুমি উত্তমরূপে পরিচিত ছিলে এবং যাঁহারা আপন আপন ব্যবসায়ে বিশেষ প্রতিপত্তি লাভ করিয়াছিলেন, সেই সকল পণ্ডিত এবং অধ্যাপকেরা কোথায় বলিতে পার ?

অপরে তাঁহাদিগের স্থান অধিকার করিতেছে এবং নিশ্চিত বলিতে পারি তাহারা তাঁহাদের বিষয় একবার চিস্তাও করে না!

জীবদ্দশায় তাঁহারা সারবান্ বলিয়া বিবেচিত হইতেন, এক্ষণে কেহ তাঁহাদের কথাও কহেন না।

ঙ। অহো! সাংসারিক গরিমা কি শীঘ্রই চলিয়া যায়! আহা! তাঁহাদের জীবন যদি তাঁহাদের জ্ঞানের সদৃশ হইত, তাহা হইলে বুঝিতাম যে তাঁহাদের পাঠ এবং চিন্তা কার্য্যের হইয়াছে।

ঈশরের সেবাতে কোনও ষত্ন না করিয়া বিভামদে এ সংসারে কত লোকই বিনষ্ট হয়!

জগতে তাহারা দীনহীন হইতে চাহে না, তাহারা মহৎ বলিয়া পরিচিত হইতে চায়; সেই জন্মই আপনার কল্পনা-চক্ষে আপনি অতি গর্বিত হয়।

#### ঈশা-অমুসরণ

তিনি বাস্তবিক মহান্ যাঁহার নিঃস্বার্থ সহানুভূতি আছে।

তিনিই বাস্তবিক মহান, যিনি আপনার চক্ষে আপনি অতি ক্ষুদ্র এবং উচ্চপদলাভরূপ সম্মানকে অতি তুচ্ছ বোধ করেন।

তিনিই যথার্থ জ্ঞানী, যিনি গ্রীষ্টকে প্রাপ্ত হইবার জ্ঞা সকল পার্থিব পদার্থকে বিষ্ঠার স্থায় জ্ঞান করেন।

তিনিই যথার্থ পণ্ডিত, যিনি ঈশ্বরের ইচ্ছায় পরিচালিত হন এবং আপনার ইচ্ছাকে পরিত্যাগ করেন।

# চতুর্থ পরিচ্ছেদ কার্য্যে বুদ্ধিমন্তা

১। প্রত্যেক প্রবাদ অথবা মনোবেগজনিত ইচ্ছাকে বিশ্বাস করা আমাদের কখনও উচিত নহে, পরস্তু সতর্কতা এবং ধৈর্য্যসহকারে উক্ত বিষয়্বের ঈশ্বরের সহিত সম্বন্ধ বিচার করিবে।

আহা! আমরা এমনি তুর্বল যে, আমরা প্রায়ই অতি সহজে অপরের স্থ্যাতি অপেক্ষা নিন্দা বিশ্বাস করি এবং রটনা করি।

যাঁহারা পবিত্রতায় উন্নত, তাঁহারা সহসা সকল মন্দ প্রবাদে বিখাস স্থাপন করেন না; কারণ তাঁহারা জানেন যে, মন্তুয়ের তুর্বলতা মনুয়াকে অপরের মন্দ রটাইতে এবং মিধ্যা বলিতে অত্যস্ত প্রবল করে।

- ২। যিনি কার্য্যে হঠকারী নহেন এবং সবিশেষ বিপরীত প্রমাণ সবেও আপন মতে দৃঢ়ভাবে অবস্থান করা যাঁহার নাই, যিনি যাহাই শুনেন তাহাই বিশ্বাস করেন না এবং শুনিলেও তাহা তৎক্ষণাৎ রটনা করেন না, তিনি অতি বুদ্ধিমান।
- ৩। বুদ্ধিমান্ ও সদিবেচক লোকদিগের নিকট হইতে উপদেশ অন্বেষণ করিবে এবং নিজ বুদ্ধির অনুসরণ না করিয়া তোমা অপেক্ষা যাঁহারা অধিক জানেন, তাঁহাদের দারা উপদিষ্ট হওয়া উত্তম বিবেচনা করিবে।

সাধুজীবন মনুয়াকে ঈশবের গণনায় বুদ্ধিমান্ করে এবং এই প্রকার ব্যক্তি যথার্থ বহুদর্শন লাভ করে। যিনি আপনাকে আপনি যত অকিঞ্চিৎকর বলিয়া জানেন এবং যিনি যত পরিমাণে ঈশবের ইচ্ছার অধীন, তিনি সর্ববদা তত পরিমাণে বুদ্ধিমান এবং শান্তিপূর্ণ ইইবেন।

### পঞ্চম পরিচ্ছেদ

#### শান্ত্রপাঠ

১। সত্যের অনুসন্ধান শাস্ত্রে করিতে হইবে, বাক্-চাতুর্য্যে নহে। যে প্রমাত্মার প্রেরণায় বাইবেল লিখিত হইয়াছে, তাহারই সাহায্যে বাইবেল সর্বন্যা পড়া উচিত।

শাস্ত্রপাঠকালে কূটওর্ক পরিত্যাগ করিয়া আমাদের কল্যাণমাত্র অনুসন্ধান করা কর্ত্তব্য।

যে-সকল পুস্তকে পাণ্ডিত্যসহকারে এবং গভীরভাবে প্রস্তাবিত বিষয় লিখিত আছে, তাহা পড়িতে আমাদের যে-প্রকার আগ্রহ, অতি সরলভাবে লিখিত যে-কোন ভক্তির গ্রন্থে সেই প্রকার আগ্রহ থাকা উচিত।

গ্রন্থকারের প্রসিদ্ধি অথবা অপ্রসিদ্ধি যেন তোমার মনকে বিচলিত না করে। কেবল সত্যের প্রতি তোমার ভালবাসা দ্বারা পরিচালিত হইয়া তুমি পাঠ কর।

কে লিখিয়াছে, সে তত্ত্ব না লইয়া কি লিখিয়াছে তাহাই ষত্ত্ব-পূৰ্ব্যক বিচার করা উচিত।

<sup>&</sup>gt; "নৈষা তর্কেণ মতিরাপনেয়।"—তর্কের দ্বারা ভগবৎ-সম্বন্ধীয় জ্ঞানলাভ করা যায় না। —কঠ উঃ

২ "আদদীত শুভাং বিভাং প্রমন্ত্রাদবরাদপি।" নীচের নিকট হইতেও যত্নপূর্ব্বক উত্তম বিভা গ্রহণ করিবে।

২। মানুষ চলিয়া যায়, কিন্তু ঈশ্বরের সভ্য চিরকাল থাকে।

মানারূপে ঈশর আমাদিগকে বলিভেছেন, তাঁহার কাছে ব্যক্তিবিশেষের আদর নাই।

অনেক সময় শান্ত পড়িতে পড়িতে যে-সকল কথা আমাদের কেবল দেখিয়া যাওয়া উচিত, সেই সকল কথার মর্মাভেদ ও আলোচনা করিবার জন্ম আমরা ব্যগ্র হইয়। পড়ি। এইপ্রকারে আমাদের কৌতৃহল আমাদের অনেক সময় বাধা দেয়।

যদি উপকার বাঞ্ছা কর, নত্রতা সরলতা ও বিশ্বাসের সহিত পাঠ কর এবং কথনও পণ্ডিত বলিয়া পরিচিত হইবার বাসনা রাখিও না।

# ষষ্ঠ পরিচ্ছেদ অত্যন্ত আসক্তি

১। যথন কোনও মনুষ্য কোন বস্তুর জন্ম অত্যন্ত ব্যগ্র হন, তথনই তাহার আভ্যন্তরিক শাস্তি নফ্ট হয়।

ইন্দ্রিরাণাং হি চরতাং বন্ধনোহনুবিধীরতে।
 তদশ্ত হরতি প্রজাং বায়ুর্নাবমিবাস্তদি॥ — গীতা, ২।৬৭

#### ইলা-অমুসরণ

অভিমানী এবং লোভীরা কখনও শাস্তি পায় না, কিন্তু অকিঞ্চন এবং বিনীত লোকেরা সদা শান্তিতে জীবন অতিবাহিত করে। যে মানুষ স্বার্থ সম্বন্ধে এখনও সম্পূর্ণ মৃত হয় নাই, সে শীঘ্ৰই প্ৰলোভিত হয় এবং অতি সামান্ত ও অকিঞ্চিৎকর বিষয়সকল তাহাকে পরাভূত করে।

যাহার আত্মা হুর্ববল ও এখনও কিয়ৎপরিমাণে ইন্দ্রিয়ের বশ এবং যে-সকল পদার্থ কালে উৎপন্ন ও ধ্বংসপ্রাপ্ত হয় এবং ইন্দ্রিয়ের দারা অনুভবের উপর বাহাদের সতা বিভ্যমান, সেই সকল বিষয়ে আসক্তিসম্পন্ন পার্থিব বাসনা হইতে আপনাকে বিচ্ছিন্ন করা তাহার পক্ষে অত্যস্ত —সঞ্চরমান ইন্দ্রিরদিগের মধ্যে মন যাহারই পশ্চাৎ গমন করে পেইটিই, বাছ্ জলে যে প্রকারে নৌকাকে মগ্ন করে তদ্ধপ তাহার প্রজ্ঞা বিনাশ করে।

> ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গতেষ্পজায়তে। সঙ্গাৎ সংজ্ঞায়তে কামঃ কামাৎ ক্রোধোহভিজ্ঞায়তে॥ ক্রোধান্তবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ। স্থৃতিভ্ৰংশাৎ বৃদ্ধিনাশো বৃদ্ধিনাশাৎ প্ৰণশ্ৰতি॥ — গীতা, ২া৬২-৬৩

—বাহ্ বস্তুর চিন্তা করিলে তাহাদের:সঙ্গ উপস্থিত হয়, তাহা হইতে বাসনা এবং অভৃপ্ত বাসনায় ক্রোধ উপস্থিত হয়। ক্রোধ হইতে মোহ এবং মোহ হইতে শ্বতিধ্বংস হয়। শ্বতিধ্বংস হইলে নিত্যা-নিত্যবিবেক নষ্ট হয় এবং তাহা দারা সম্পূর্ণ পতন উপস্থিত হয়।

হরহ। সেই জন্মই যখন সে অনিত্য পদার্থসকল কোনও-রূপে পরিত্যাগ করে, তখনও সর্ব্বদা তাহার মন বিমর্ষ থাকে এবং কেহ তাহাকে বাধা দিলে সহজেই ক্রুদ্ধ হয়।

তাহার উপর যদি সে কামনার অনুগমন করিয়া থাকে, তাহা হইলে তাহার মন পাপের ভার অনুভব করে; কারণ যে শান্তি সে অনুসন্ধান করিতেছিল, ইন্দ্রিয়ের দ্বারা পরাভূত হইয়া সেদিকে আর অগ্রসর হইতে পারিল না।

অতএব, মনের যথার্থ শান্তি ইন্দ্রিয়জ্বরের দারাই হয়; ইন্দ্রিয়ের অনুগমন করিলে হয় না। অতএব, ষে ব্যক্তি স্থাভিলায়ী, তাহার হৃদয়ে শান্তি নাই, ষে ব্যক্তি অনিত্য বাহু বিষয়ের অনুসরণ করে তাহারও মনে শান্তি নাই; যিনি আত্মারাম এবং যাঁহার অনুরাগ তীত্র তিনিই শান্তি ভোগ করেন।

যততো হৃপি কৌন্তের পুরুষশু বিপশ্চিত:।
 ইন্দ্রিরাণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ॥ —গীতা, ২।৩०
 —বে-সকল দৃঢ় পুরুষ সংধ্যী হইবার জন্ম বত্ত করিতেছেন, অতি বলবান্ ইন্দ্রিরগ্রাম তাঁহাদেরও মনকে হরণ করে।



1-0 IAN 1960

21 MAY 1960